

# ইচ্ছাশক্তি

কর্মজীবনে যাবতীয় বিষয়ের উন্নতি সাধনার্থ  
ইচ্ছাশক্তি বৃক্ষন ও প্রয়োগের উপায় ।

প্রফেসার রাজেশ্বরনাথ কুম্হ প্রণীত ।

আধ্যাত্মিক বিজ্ঞান ও চূল্পুর অধ্যাত্মিক ।

সাধনা কুটির,  
আলম নগর পোঃ ; রংপুর ।  
১৩৩৪ সাল ।

মূল্য ১১০ দেড় টাকা মাত্র ।

বহুমপূর্ণ, সত্যাগ্রহ প্রেস হইতে  
শ্রীলিঙ্গমোহন চৌধুরীর দ্বারা মুদ্রিত ।  
সন ১৩৩৪ সাল ।



PHOTO TAKEN IN 1910



## গ্রন্থকারের নিবেদন ।

ইংরাজী ভাষায় “ইচ্ছাশক্তি” (Will-Power) সম্বন্ধে অনেক পুস্তক আছে ; কিন্তু বাঙ্গলায় এ ধৰ্মত একথানা পুস্তক ও প্রকাশিত হয় নাই । এই বিষয়ে বাঙ্গলায় কোন পুস্তক লিখিলে বিশেষভাবে ইংরাজী অনভিজ্ঞ ব্যক্তিগণের নিকট উহা সমাদৃত হইবে না মনে করিয়া ১৯১২ খৃঃ অঃ আমি নিজেও ইংরাজীতেই “Will-Power:How to develop and exert it” নামক একথানা ক্ষুদ্র পুস্তক লিখিয়াছিলাম । উহা প্রকাশিত হওয়ার পর, কয়েক বৎসরের মধ্যে আমি অনেক গণ্য মাত্র লোকের নিকট হইতে সম্পূর্ণ অ্যাচিতভাবে অনেকগুলি প্রশংসনা সূচক পত্র পাইয়াছিলাম । তাহাদের মধ্যে কেহ অতিশয় আগ্রহসহকারে আমাকে উহার বাঙ্গলা অনুবাদ প্রকাশ করিবার পরামর্শ দিয়াছিলেন এবং আমার কয়েকটি চিতাকাজী বন্ধু ও ছাত্র তজ্জ্বল বিশেষক্রমে অনুরোধ করিয়াছিলেন । কিন্তু আমি তাহা করিতে ইচ্ছা করি নাই । কারণ উক্ত পুস্তকে ইচ্ছাশক্তির বিকাশ ও প্রয়োগ

সহক্ষে কেবল অত্যন্ত সংক্ষিপ্তভাবে কর্তৃক গুলি  
উপদেশ প্রদত্ত হইয়াছিল এবং উহার স্থানে ক্রটীও  
ডিল ; এজন্য উহার অনুবাদ স্বারা ইংরাজী অনভিজ্ঞ  
ক্ষমাদিগের বিশেষ কোন উপকার হইবে না বিবেচনা  
করিয়া আমি উহার অনুবাদের প্রয়াস ন। পাইয়া  
উক্ত বিষয়ে বিস্তৃত উপদেশাদি প্রদান পূর্বক সম্পূর্ণ  
স্বতন্ত্রভাবে এই পুস্তিকা লিখিলাম। ইচ্ছা ভাল কি  
মন্দ হইল তাহা জানি না। এইক্ষণ ইহা স্বারা  
শিক্ষাভিলাষীর শক্তি লাভের সহায়তা হইলে আমার  
পরিশ্রম সার্থক হইবে।

রংপুর কারমাটিকেল কলেজের দর্শন শাস্ত্রের  
অধ্যাপক শ্রদ্ধাপন্ড বন্ধু শ্রীমুক্ত বাবু গৌরগোবিন্দ গুপ্ত  
এম, এ, মহাশয় এই পুস্তিকার ভূমিকা লিখিয়া এবং  
ইহার পাত্রলিপিখানা দেখিয়া আমাকে বিশেষ উপরুক্ত  
করিয়াছেন। আমি এজন্য তাহার নিকট ক্রতৃজ্ঞ  
রহিলাম।

যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে এই পুস্তকের মূল্য  
পাঠাইয়াছেন এবং যাহারা “সম্পূর্ণ বাঙ্গলা উপদেশ  
যালা” প্রত্ন করণান্তর শিক্ষার্থী শ্রেণীভুক্ত হইয়াছেন,  
তাহাদিগকে বহু পূর্বেই এই পুস্তক দেওয়া আমার

উচিত ছিল ; কিন্তু কতকগুলি অনিবার্য কারণে  
 উহার মুদ্রাঙ্কণ ও প্রকাশে অতিরিক্ত পরিমাণে বিলম্ব  
 হওয়াতে আমি তাহা দিয়া উঠিতে পারি নাই ।  
 এজন্তু আমি তাহাদের নিকট দৃঃখ্যাতান্ত্বকরণে ক্ষেত্ৰী  
 স্বীকার কৱিতেছি । ইতি—

সাধনা কুটির, আশমনগর পোঃ ; রংপুর । ৩০শে কার্ডিক, ১৩৩৪ সন	}	বিনীত গ্রন্থকার ।
---	---	----------------------

## ভূমিকা

অধ্যাত্ম বিদ্যায় পারদশী শব্দের বক্তু শ্রীযুক্ত  
রাজেন্দ্রনাথ রুদ্র মহাশয় যখন প্রথম এই পৃষ্ঠিকা-  
খানির জন্য আমাকে ভূমিকা লিখে দিতে বলেন,  
তখন নিজেকে এ সম্বন্ধে বিশেষ অনিভিজ্ঞ বিবেচনা  
করে আমার একান্ত সঙ্কোচ বোধ হয়েছিল। কিন্তু  
বইখানি আগ্রহাত্মক পড়ার পর আমার মনে হলো  
যে, তিনি আমাকে দিয়ে যে ছ'-এক কথা বলিয়ে  
নিতে পারেন না, তা'নয়।

পৃষ্ঠিকাত্তে তত্ত্ব সম্বন্ধে অবশ্য আমি বিশেষ কিছু  
জানি না। কিন্তু ইচ্ছাশক্তি সম্বন্ধে কতকগুলি  
সাধারণ জ্ঞান যা সকলের কাছেই খুব সহজ বলিয়া  
বোধ হতে পারে, অথচ যে গুলি সর্বদা চোখের  
সামনে না রাখার দরুণ এই কর্ম জগতে সাধারণ  
মানুষের মত থাঢ়া হয়ে দাঢ়াতে পারি না—সেইগুলি  
আমার সামর্থ্যাল্যায়ী প্রকাশ করার উদ্দেশ্যে এই  
ভূমিকার অবতারণা। এগুলি মনে রাখার সাহায্য  
করে রাখেন না বুব বইখানি যে আমাদের কত

উপকারে আসিতে পারে, তা আমরা সহজেই অনুমান করিতে পারি।

‘স ঐচ্ছত—বহু শাম প্রজাগতে ইতি’—তিনি ইচ্ছা করিলেন ‘বহু হব’ এই থেকেই বিশ্বের স্থিতি। উপনিষদের এই মহতী বাণীর মধ্যে যে কি গভীর তত্ত্ব নিহিত তা’ এক কথায় বলে শেষ করা যায় না। এ স্থলে সে তত্ত্বের বিশেষ ব্যাখ্যার আমাদের ততটা প্রয়োজন নেই। কিন্তু এই বিরাট স্থিতির মূলে যে এক মহান् ইচ্ছাশক্তি কেবল মাত্র বর্তমান এবং বিশ্বের সর্বত্র ও সমস্ত কর্ম প্রেরণার মূলে যে সেই ইচ্ছাশক্তি ক্রিয়াশীল—সেই টুকুই এই প্রসঙ্গে আমাদের মনে রাখার দরকার।

বিখ্যাত জার্মান দার্শনিক Schopenhauer এই জগৎকে ‘Will and Idea’ বলেই জেনেছিলেন ও আর একজন মনীষী, জর্মান ঋষি Hegel এই ‘Will’ কেই আবার ‘Idea realizing itself’ বলে বুঝেছিলেন। যিনি যে রূপ ভাবেই কথাটা প্রকাশ করুণ না কেন—বলছেন সেই ইচ্ছাশক্তিরই কথা।

যুগ্মান নৌহারিকা হ’তে শত শত গ্রহ চন্দ্র সূর্যোদয় যে তেজের প্রকাশ—বীজ হইতে বৃক্ষে পরিণত হবার

মূলে যে অপ্রকাশ আবেশ—ফুলের কুটে উঠার পিছনে  
যে লীলায়িত চাঞ্চল্য—জীবের জন্মের অন্তরালে সে  
স্থষ্টির ব্যাকুলতা—সেই সবই এক ইচ্ছাশক্তিরই লীলা।

এই ইচ্ছাকে ‘বাসনাই’ বলা হউক, ‘কামনাই’ বলা  
হউক—আর বাহাই কিছু বলা হউক না কেন,—  
নামে কিছুই আসে যায় না—সকল স্থলেই স্বপ্রকাশ  
রূপের পিছনে অপ্রকাশ অরূপের রূপের প্রয়াসই  
বৃক্ষিতে হয়। এই দুর্দমনৌয় প্রয়াসই ‘ইচ্ছাশক্তি’।

কিন্তু বিশ্বের স্তরে স্তরে এই ইচ্ছাশক্তি অনুবাবন  
করতে করতে আমরা যতই কেন পুরুক্তি হই না,  
মানব জগতের সকল প্রকার মানস প্রেরণার মূলে  
ও সকল প্রকার তেজোদীপ্তি কর্ম সাধনার পিছনে  
যে ইচ্ছাশক্তির আমরা পরিচয় পাই তাহাতে স্তম্ভিত  
না হয়ে থাকতে পারা যায় না।

আমাদের পুরাণের সর্বত্রই দেখতে পাই, অস্ত্রেরা  
দেবতাদের প্রতিবন্দী স্বরূপ দণ্ডয়ান এবং দেবতারা  
ঠাদের ক্ষমতায় বে শুধু সন্তুষ্ট ও চিন্তিত তা নয়,  
চলে ও কৌশলে ঠাদের পরাঞ্জয় না করতে পারলে  
নিজেরা রক্ষা পান না। অবশেষে বে অনুভূতের গুণে  
ঠারা অগ্র না দেব বলে গণ্য হয়েছিলেন সেই অনুভূত

পর্যন্ত এই অসুরেরা হস্তগত করে ঠাদের ধনে ও প্রাণে  
মারবার ব্যবস্থা করেন। অসুরদের যে এই ক্ষমতা  
ও তেজ এর মূল কোথায় ? কেবল মাত্র এক প্রবল  
ইচ্ছাশক্তি নয় কি ? দেবতারা একদিন ঠাদের  
ইচ্ছাশক্তিব ফলে দেবত্ব লাভ করেছিলেন—অসুরেরা  
ততোধিক ইচ্ছাশক্তির প্রভাবে আবার ঠাদের  
পর্যন্ত করেছিলেন—দেবাসুরের দলের মধ্যে এই  
সত্ত্বেরই আভাস আমরা পেয়ে থাকি।

আবার দেবতারা শুধু যে অসুরদের ভয়ে ব্যস্ত থাক-  
তেন তা' নয়। ঠাদের দৈবশক্তির কাছে নগণ্য যে  
মানব সেই মানবের ভয়েও কখন ও কখন অস্থির হয়ে  
উঠতেন। তাই যখন কেহ উগ্র সাধনা (যাকে ‘তপস্তা’  
বলা হয়েছে) বড় ততেন তখনই দেবতারা চঞ্চল হয়ে  
উঠতেন 'ও ঠাদের রাজ্ঞো 'গেল গেল রব পড়ে যেত'।  
ক্ষত্রিয় বিশ্বামিত্রের ব্রক্ষতেজ লাভ করা ও আশ্রিত  
রাজ ত্রিশঙ্কুর জন্ম নৃতন জগৎ সৃষ্টি করার কথায়ও  
সেই একই তত্ত্বের অবতারণা করা হয়নি কি ?

পুরাণের কথা বাদ দিয়ে আমাদের আধুনিক  
ইতিহাসের মধ্যেও কি আমরা এই ইচ্ছাশক্তিরই  
অপূর্ব লৌলা দেখতে পাইনা ?

উণবিংশ শতাব্দীর ইয়ুরোপের ইতিহাসে নেপোলিয়ানের কথা আমরা কে না জানি। কি প্রচণ্ড ইচ্ছাশক্তির বলে একজন মানুষ ইয়ুরোপের একপ্রান্ত হতে আর একপ্রান্ত পর্যন্ত এক অঙ্গুলির সঙ্কেতে নিজের ইচ্ছামত রাজা ও রাজ্যের ভাঙ্গা গড়া উধান পতনের বিধান করতেন—তা'কা'র না জানা আছে? যে কাজ মানুষের পক্ষে অসাধ্য বলে ধারণা হতো, নেপোলিয়ানের কাছে তাহাই সহজ বলে মনে হোতো—যে ঘটনা মানুষ কেবলমাত্র কল্পনায় অনুভব করতে পারে নেপোলিয়ান তাহা প্রত্যক্ষ ঘটিয়ে দেখাতেন যে মানুষ ইচ্ছাশক্তির প্রভাবে কি না করতে পারে।

তাহার নিজেরই অধীনে কত না বীর যোদ্ধা কত না দুর্দৰ্শ সেনাপতি কোন কোন ঘটনা বা কর্ম সাধনা বা জয়ের সম্বন্ধে সন্দিহান হয়ে কতবার তাকে পশ্চা�ৎপদ হতে বলতেন ও জিজ্ঞাসা করতেন ‘কেন তিনি এই ব্যর্থ প্রয়াসে ও অসম্ভব ব্যাপারে অগ্রগামী হচ্ছেন’? নেপোলিয়ান উন্নত দিতেন “Because I will it” এর উপর আর কাহারও কিছু বলবার থাকত না—কি এক অমানুষী তেজে তিনি তাহার

বৌর বাহিনী ঢালনা করে ও জীবন মৃত্যু তুচ্ছ করে  
জয়ী হয়ে ফিরতেন।

গ্রীক দার্শনিক ও জ্ঞানী মহাপুরুষ সোক্রাতিসের  
সকল কথার এক কথা ছিল “—Know thyself”  
(আত্মানং জানীহি) এই আত্ম-জ্ঞানের ফলে আমরা  
যে শুধু নিজেদের ভূল প্রাপ্তি দুর্বলতার সঙ্কান পাই  
তা’ নয়—যথার্থই নিজের সঙ্কান পাই—নিজের  
পরিপার্শ্বিক অবস্থা থেকে নিজেকে বিচ্ছিন্ন করে  
যে আমার পরিচয় পাই তার সঙ্গে বিশ্ব-আত্মার  
অভেদ সম্বন্ধ দশনে এক অপূর্ব বলে বলৌয়ান হয়ে  
উঠি ও নিজের মধ্যে দেশ কালাতীত এক মহান्  
ইচ্ছাশক্তির পরিচয় পেয়ে থাকি। নিজের মধ্যে  
যিনি এই ইচ্ছাশক্তির পরিচয় পেয়েছেন তার আর  
দুর্বলতা বা মোহ বা শোক কি থাকতে পারে ?

রাজেন্দ্র বাবুর এই পুস্তিকাথানিতে আমাদের  
প্রত্যেকের মধ্যে এই ইচ্ছাশক্তির সঙ্কান বলে দিচ্ছেন  
ও সেই ইচ্ছাশক্তির সাধন কল্পে নানাপ্রকার উপায় ও  
পদ্ধা দেখিয়ে দিচ্ছেন—নিজেকে জেনে সগবে মাথা  
তুলে দাঁড়াতে বলছেন। এর মত অমূল্য রজ্জু সাদরে  
গ্রহণ না করে আমাদের আর কি গ্রহণ করা উচিত ?

কত না অজ্ঞানাত্ম কিশোর ও যুবক নিজের ইচ্ছা  
শক্তির অভাবে দুর্বৃদ্ধি অর্জিত কু-অভ্যাস দূরীকরণে  
অসমর্থ হয়ে জীবন অঙ্গকারণ দেখে—কত না উত্থম-  
হীন বাক্তি নিজের মধ্যে ইচ্ছাশক্তির পরিচয় না  
পেয়ে আলগ্ন পক্ষে নিমজ্জনন—অদৃষ্ট বশে শারীরিক  
দুর্বলতা গ্রস্ত কতনা ব্যক্তি নিজেকে হীন ও অকর্মণ্য  
জ্ঞান করে নিজের বৃদ্ধি ও জ্ঞান প্রত্বেও জীবন দুর্বিসহ  
ননে ননে করছেন—তারা সকলেই এই পুস্তিকা  
পাঠে বে কিছু না কিছু উপকার পাবেন, একথা আমি  
নিঃসন্দেহে বল্তে পারি ।

বন্দেশের এই দুর্দিলে যখন আমাদের সকলপ্রকার  
সঙ্কীর্ণতা তীরুতা দুর্বলতা নীচতার দরুণ এই বিশাল  
কর্ম্ম জগতে আমরা মানুষ হয়েও অমানুষের মত হয়ে  
রয়েছি—সে সবই যদি এক ইচ্ছাশক্তির সাধনা দ্বারা  
আমরা দূর করতে পারি ও আবার যথার্থ মানুষ হয়ে  
দাঢ়াতে পারি তা' হলে বে পুস্তক আমাদের সে  
সম্বন্ধে শিক্ষা দিতে পারে, তাহার প্রতি মনোনিবেশ  
করা উচিত নয় কি ?

আর আমার শেষ বক্তব্য এই যে কেউ একপ  
কোন অতি প্রয়োজনীয় সাধু প্রয়াসে আমাদের দেশে

ইতিপূর্বে ব্যস্ত হয়েছেন বলে আমার জানা নাই  
 আমাদের মাতৃভাষায় একপ সাধু চেষ্টায় রাজেন্দ্র  
 বাবুকেই পথ প্রদর্শক বলে আমার মনে হয় ও সেই  
 কারণেই অন্ততঃ তাহার এই যৎসামান্য চেষ্টার জন্য  
 আমাদের এই পুস্তিকাথানি আচ্ছেপাস্ত পাঠ করা যে  
 বিশেষ দরকার, সেই কথা বলার উদ্দেশ্যে আমার এই  
 ভূমিকার অবতারণা ।

কারমাইকেল কলেজ রংপুর

২০শে কার্ত্তিক, ১৩৩৪

{ শ্রীগৌরগোবিন্দ গুপ্ত

## সূচনা

ইচ্ছাশক্তি শব্দটি সর্বতোভাবে ইংরাজী “উইল পাওয়ার” (Will-Power) বা “উইল ফোর্স” (Will-Force) এর বঙানুবাদ ; যে হেতু ইচ্ছাশক্তি বলিয়া বাঙ্গলায় কোন শব্দ নাই। উহাকে কেহ কেহ “মনঃশক্তি” (Mind-Power) বা “আত্মশক্তি” (Soul-Power) বলিয়া অভিহিত করিয়াছেন ; আর কোন কোন গ্রন্থকার বা উহাকে মনের “আকর্ষণ বা উৎপন্নকারী শক্তি” বলিয়া অস্পষ্টভাবে ব্যাখ্যা করিয়াছেন। বস্তুতঃ গুপ্তবিদ্যা ও মনোবিজ্ঞানের সর্বাপেক্ষণ অধিক অজ্ঞাত বিষয় এই “ইচ্ছাশক্তি”। সরলভাবে বক্ত করিতে ইলে ইহাই বলিতে হয় যে, ইহা যে কি শক্তি তাহা আমরা জানি না ; তবে উহার কার্য্যকারিতা সম্বন্ধে যৎকিঞ্চিং অবগত আছি। যাবতীয় প্রাকৃতিক শক্তি সম্বন্ধেই এইরূপ উক্ত প্রযোজ্য হইতে পারে। আমরা বিদ্যুৎ, আলোক, তাপ, বাত্স ইত্যাদির কার্য্যকারিতা কিম্বৎপরিমাণে

অবগত আছি বটে, কিন্তু উহারা যে কি পদার্থ এবং  
উহাদের ব্যাখ্যা স্বরূপ যে কি তাহা আমরা কিছুই  
জানি না।

কিন্তু আমার মনে হয়, যে শক্তি বলে নিখিল  
বিশ্বের যাবতীয় কর্ষ সম্পাদিত হইতেছে,—অনন্ত  
নভঃযণ্ডলে প্রতি মুহূর্তে অসংখ্য সৌর জগতের  
সূজন, পালন ও ধ্বংসকূপে কায়ার পরিবর্তন সংঘটিত  
হইতেছে,—শূণ্যমার্গে বিশাল কায় গ্রহ-নক্ষত্র সকল  
তাহাদের অন্তুত আকৃতি-প্রকৃতি বিশিষ্ট অধিবাসীগণ  
লইয়া অবিরাম ভীষণ বেগের সহিত স্বীয় স্বীয় কক্ষা-  
পথে আবর্তিত হইতেছে,—চন্দ; সূর্য, বায়ু, বরুণ  
নিরস্ত্র বশুকরার বক্ষে জীবন-মৃত্যুর লীলাভিনয়  
করিতেছে—বিরাট ব্রহ্মাণ্ডের ক্ষুদ্রতম হইতে বৃহত্তম  
প্রাণীর আহার-বিহার সম্পাদিত ও স্মৃথ-চুৎ নিরঙ্গিত  
হইতেছে এবং যে শক্তির প্রভাব ব্যতিরেকে একটি  
সামান্য ধূলিকণা ও শ্লান-চূত হইতে পারে না, তাহাই  
“ইচ্ছাশক্তি”। যিনি অনন্ত ব্রহ্মাণ্ডের শ্রেষ্ঠা,  
পালয়িতা ও সংহর্তা এই মহামহীয়সী শক্তি  
তাহারই মানস-সম্মুত ; ইহাই তাহার চিংশক্তি।  
এই শক্তির প্রভাব অসীম এবং ইহা পূর্ণ।

জ্ঞানয়ী ! অষ্টাঙ্গ যোগ হারা যে অষ্ট সিদ্ধি\* লাভ হইয়া থাকে, উহারা এই শক্তিরই ভিন্ন ভিন্ন রূপ (phase) মাত্র।

সহজ কথায় ইচ্ছাশক্তিকে হৃদয়ের গভীরতম আকাঙ্ক্ষা বলিয়া ব্যাখ্যা করা যাইতে পারে। যে আকাঙ্ক্ষার পূর্ণত্ব প্রাপ্তি সম্বন্ধে বিশ্ব মাত্রও মনে অবিশ্বাস বা সন্দেহ নাই, অর্থাৎ যাহা নিশ্চিতকৃত্বে পূর্ণ হইবে বলিয়া প্রাণে স্থির বিশ্বাস আছে, তাহাই ইচ্ছাশক্তি। মানুষ যাহা ইচ্ছা করে তাহাই লাভ করিতে পারে, যদি তাহার আকাঙ্ক্ষা প্রবল হয়। বাস্তবিক প্রথর ইচ্ছাশক্তিশালী ব্যক্তির অপ্রাপ্য বস্তু সংসারে কিছুই নাই। কোন বস্তু লাভ করিবার জন্য সাধারণ লোকেরা ইচ্ছা করে, “যদি আমার ব্যবসায়ে ঘাসিক ৩০০, আয় হইত, “যদি আমি এম, এ, পাস করিতে পারিতাম,” “যদি সে আমাকে ভাল বাসিত,” ইত্যাদি। এক্কপ ভাসা-ভাসা ইচ্ছার কোনই শক্তি নাই ; এজন্য এইসকল ইচ্ছা ( wish )

\*অষ্টাঙ্গ যোগ--যম, নিরম, আসন, অণায়াম, ধ্যান, ধারণা ও সমাধি। অষ্ট সিদ্ধি—অশিমা, লঘিমা, মহিমা, প্রাপ্তি, আকাম্য, বশিষ্ট, ঔশিষ্ট ও যত্নবশকাম্যায়িত।

প্রায়ই পূর্ণ হয়না। | পক্ষান্তরে ইচ্ছাশক্তিশালা  
ব্যক্তিরা ইচ্ছা করেন, “আমার ব্যবসায়ে অবশ্য ৩০০,  
করিয়া মাসিক আয় হইবে”, “আমি নিচয় এম, এ,  
পাস করিব”, বা “সে অবশ্য আমাকে ভালবাসিবে”  
কিম্বা “আমার মক্কলের মোকদ্দমাটা নিচয় জয়  
করিব”, ইত্যাদি। এই সকল ব্যক্তিরা কোন কিছু  
সম্পাদন বা লাভ করিবার জন্য সংকল্প ( will )  
করিলে অর্থাৎ তৌত্র তাবে ইচ্ছাশক্তি প্রয়োগ করিলে  
তাহাদের দেহ ও মন উহা সম্পন্ন বা লাভ করিবার  
জন্য অতিশয় ব্যাকুল হইয়া উঠে। এ জন্তব্য তাহারা  
অভৌতিক বিষয়ে সাফল্য লাভে সমর্থ হয়।

ইচ্ছাশক্তি প্রত্যেক স্ত্রী-পুরুষের হস্তয়েই বিদ্যমান  
আছে ; কিন্তু সকলের সমান পরিমাণ নাই। যাহারা  
জ্ঞাত বা অজ্ঞাতসারে উহার সাধনা করে, তাহাদের  
শক্তি অধিক ; আর যাহারা তাহা করেনা, তাহাদের  
মধ্যে উহার পরিমাণ অল্প। ইচ্ছাপূর্বক হউক বা  
অজ্ঞাতসারেই হউক, উপর্যুক্ত যত্ন, চেষ্টা ও পরিশ্রম  
বাতৌত উহার বিকাশ হয়না এবং বিকাশ না হইলে  
উহা হইতে কোন ফল লাভ করা যায় না। দৈহিক  
শক্তি বৃদ্ধির জন্য কুস্তিগীরগণ ইচ্ছাপূর্বক ব্যায়াম

করে, কিন্তু মজুরেরা জীবিকা নির্বাহের জন্য যে শ্রম করিতে বাধ্য হয়, তাহাতেই অঙ্গাতসারে তাহাদের শারীরিক শক্তি বৃদ্ধি পাইয়া থাকে। স্বত্বাবের সাহায্যে অর্থাৎ অঙ্গাতসারে যাহাদের এই শক্তি বিকশিত হয়, তাহাদের আহার-বিহার, চলা-ফেরা, কাজ-কর্ম ইত্যাদির ধারা এই শক্তি বৃদ্ধির অঙ্গকূল ; এজন্য তাহাদের কোন ধরা-বাঁধা নিয়ম পালনের আবশ্যক হয় না। আর যাহারা উচ্চক ইচ্ছাপূর্বক বর্দ্ধিত করিতে চায়, তাহাদিগকে নির্দিষ্ট নিয়ম-প্রণালী অনুসরণ করিয়া সাধনা করিতে হয়।

মনুষ্য জীবনের উন্নতি সমবিক পরিমাণে তাহার ইচ্ছাশক্তির বলাবলের উপর নির্ভর করে। যাহার ইচ্ছাশক্তি প্রথর এবং যে জ্ঞাতসারে হটক বা অঙ্গাতসারে হটক, উচ্চকে উপযুক্তকপে প্রয়োগ করিতে জানে, সে তাহার অভৌপ্রিয় যে কোন নিষয়ে সিদ্ধিলাভ করিতে সমর্থ। আর যাহার শক্তি দুর্বল সে অণিকাংশ গৃহীত কার্য্যেট বিকল মনোরথ হইয়া থাকে। যাহাদের হন্দয়ে কোন উচ্চাকাঙ্ক্ষা নাই, যাহারা অদৃষ্টবাদী,—জীবনের সুস-চৃংখ, সাফল্য-বিকলতা ইত্যাদি যাবতীয় বিষয়ই তাগের উপর

সম্পূর্ণকৃপে নির্ভর করিয়া নিশ্চেষ্ট থাকে, তাহারা এই  
শক্তি-চর্চার আগ্রহাধিত না হইতে পারে ; কিন্তু  
যাহারা উচ্চাভিলাষী এবং স্বীয় ক্ষমতা ও পুরুষকারের  
উপর দৃঢ় আশ্চর্যাবান, এই শক্তি-সাধনা তাহাদের পক্ষে  
একান্ত প্রয়োজনীয় । কারণ এই শক্তির সাহায্য-  
কুলতিরেকে জীবনে কাহারও কোন প্রকার উন্নতির  
সম্ভাবনা নাই ।

ইচ্ছাশক্তি বিকাশের মূল চিত্ত সংযম । চিত্ত  
জয় বা আত্ম সংযমের উপরই উহার বিকাশ বা  
ক্ষুরণ সম্পূর্ণকৃপে নির্ভর করে । শিক্ষার্থী স্বীয়  
অন্তর্নিহিত শক্তির প্রতি আশ্চর্যাবান হইয়া প্রথমে  
নিজের মন ও শরীরের উপর উহার আধিপত্য  
স্থাপন করিতে প্রয়াস পাইবে ; সে উহাতে যে  
পরিমাণে সাফল্য লাভ করিতে পারিবে, তাহার  
শক্তি ও ঠিক দেই পরিমাণেই বর্ণিত হইয়া  
অঙ্গীষ্ঠ কার্যাদিতে তাহাকে তদন্তুরূপ ফল দান  
করিবে । ফলতঃ যে পর্যন্ত তাহার মন ও শরীর  
তাহার ইচ্ছাশক্তির বশতাপন্ন না হইবে, ততক্ষণ সে  
উহার সাহায্য আশান্তুরূপ ফল লাভ করিতে সমর্থ  
হইবে না ।

ইচ্ছাশক্তি বিকাশের নিমিত্ত এই পুস্তিকাল্য যে  
প্রণালী প্রদত্ত হইয়াছে, তাহা আমাৰ বাক্তব্যগত মত  
বা ইঙ্গিত নহে,—প্রসিদ্ধ বৈজ্ঞানিকদিগেৱ আবিষ্কৃত  
সহজ পথ। বহু লোক ইহার সাহায্যে এই শক্তি  
সাধনায় সাফল্য লাভ কৱিয়াছে এবং যথাযথকৃপে  
উহার অনুসৰণ কৱিতে পাৰিলে যে অধিকাংশ  
বাক্তৃত তাহাদেৱ অনুনিৰ্ণিত এই শক্তিকে বৰ্ণিত  
কৱিতে পাৰিবে, তাহাতে কোন সন্দেহ নাই।  
ব্যক্তি বিশেষেৱ নিকট এই প্রণালীটি অকিঞ্চিতকৰ  
বলিয়া বোধ হইতে পাৱে, কিন্তু বিশ্বাস, দৈৰ্ঘ্য ও  
সততার সহিত উহার অনুসৰণ কৱিলে, উহা হইতে  
যে ফল লাভ হইবে, তাহা সত্যই অত্যন্ত আশ্চর্য-  
জনক। ধাতু-প্ৰকৃতিৰ প্ৰতিকৃশতা বশতঃ কাহার  
কাহারও ইহাতে কিছু বেশী সময় লাগিতে পাৱে,  
কিন্তু শ্রী বিশ্বাস ও দৈৰ্ঘ্যৰ সহিত ইহাতে দৃঢ় সংলগ্ন  
থাকিতে পাৰিলে, সে এই সাধনায় নিশ্চয় সাফল্য  
লাভ কৱিতে পাৰিবে। সময় সময় অনেক লোককে  
সাময়িক খেয়ালেৱ বশে এই শক্তি-চৰ্চায় প্ৰবৃত্ত  
হইতে দেখা যায়, কিন্তু ঐকান্তিকতাৱ অভাৱে অতি  
অল্প কালেৱ মধ্যেই তাহাদেৱ কৌতুহল বা অনুসন্ধিৎসা-

পরিত্বন্ত হইয়া যাই এবং তাহারা সাধনা পরিত্যাগ করে। যথার্থ শক্তিকামী কদাপি তাহা করিবে না। আবার অনেকে এই শক্তি-সাধনা আরম্ভ করিবার সঙ্গে সঙ্গেই খুব একটা ফল লাভের প্রত্যাশা করে, শিক্ষার্থী সেরূপ আশাও কখনও করিবে না। কারণ যে শক্তিবলে মানুষ অন্তর ও বহিপ্রকৃতিকে বশ করিয়া স্বীয় শারীরিক, মানসিক, বৈধায়িক ও আধ্যাত্মিক উন্নতি এবং অপরের মনের উপর আধিপত্য করিতে পারে, তাহা লাভ বা আয়ত্ত করিতে যে উপযুক্ত সময় ও সাধনার প্রয়োজন তাহা সহজেই উপলব্ধি হইতে পারে। যদি দুই-চার দিন বা এক সপ্তাহ চেষ্টা করিলেই ইহা লাভ করা সম্ভব-পর হইত, তবে সকল লোকের পক্ষেই উহা আয়ত্ত করিয়া জীবনে সাফল্য লাভ করা অতিশয় সহজ হইত। স্মৃতরাঙ যে যথার্থ শক্তিকামী সে উপযুক্ত সময় ব্যয় করিয়া সাধনা করিতে কখনও ভীত বা পশ্চাংপদ হইবে না।

এই প্রণালীটি সর্বাপেক্ষণ সহজ বলিয়া অধিকাংশ স্নেকই এই শক্তি সাধনায় সক্ষম হইবে। সে সকল ব্যক্তি সর্বদা বিষয়-কর্ম-লিপ্তি থাকিয়াও শারীরিক,

মানসিক, নেতৃত্বিক, বৈষম্যিক বা আধ্যাত্মিক উন্নতির  
বিষয়ে এই শক্তি বিকাশের কামনা করেন, তাহারা ও  
স্বচ্ছন্দে এই প্রণালীর অনুসরণ করিয়া স্বীয় স্বীয়  
অর্ডাঙ্গ সিদ্ধি করিতে পারিবেন।

## প্রথম অধ্যায়।

### ইচ্ছাশক্তি ও উহার কার্যকারিতা।

মানুষ হৃদয়ে সুস্থ দৃষ্টিতে ঢাইটি বিভিন্ন শক্তির  
সমাবেশ উপলব্ধি হয়। একটি “দৈতিক শক্তি” ও  
অপরটি “মনঃশক্তি”। মানুষ এই ঢাই শক্তির সাহায্যেই  
তাহার যাবতীয় কর্ম সম্পন্ন করিয়া থাকে। সে  
কর্মেন্দ্রিয়গণের সাহায্যে বে সকল কার্য করে,  
উহাদিগকে তাহার ‘দৈতিক শক্তি’ বলে সম্পাদিত,  
আর তাহার কোন মানসিক গুণের সাহায্যে নিষ্পন্ন  
কার্য সমূহকে ‘মনঃশক্তি’ প্রভাবে সম্পন্ন বলিয়া  
অভিহিত করা হয়। কিন্তু কোন একটি কার্য  
অঙ্গপ্রত্যঙ্গাদির সাহায্যে সম্পাদিত হউক বা কোন  
মানসিক গুণের বলেই সম্পন্ন হউক, উভয় কার্য  
করিবার শক্তিই তাহার মন তইতে উৎপন্ন হইয়া  
থাকে। সুতরাং “দৈতিক শক্তি” ও “মনের বল”  
উভয়েরই উৎপত্তি হাল মন। মনই সমস্ত শক্তির  
আধার।

## ইচ্ছাশক্তি

মানুষ জীবন-যাত্রা নির্বাচ করিবার জন্য সর্বদা তাহার শারীরিক ও মানসিক শক্তি ব্যবহার করিয়া থাকে। সে আত্মা, বিচার ইত্যাদি সম্পাদনের জন্য যেমন শারীরিক শক্তি প্রয়োগ করে, সেইরূপ তাহার চিত্তবৃত্তি গুলিকে ইচ্ছা বা আবগুকমত পরিচালিত করিতে সর্বদা মনের বঙ্গও প্রয়োগ করিয়া থাকে। কোন একজন শোক ঘটি চারি মণ ওজনের একটা বোঝা বলিয়া ঢাই মাইল পথ চলিতে সমর্থ হয়, তবে আমরা তাহাকে খুব বজবান বলিয়া আশ্চর্য প্রদান করি। আবার যখন আমরা কোন ব্যক্তি বিশেষকে একটা সাজাত্তিক অঙ্গোপচারের নম্বৰ অঞ্চানন্দনে সহ করিতে প্রত্যক্ষ করি, কিম্বা যখন তাহার প্রিয়তম ব্যক্তির মৃত্যুতেও তাহাকে শোক-বিহৃংস না হইয়া প্রশান্ত চিত্তে অবস্থান করিতে দর্শন করি, তাহার যথন কাহাকেও স্বীয় অভীষ্ট সিদ্ধির নিমিত্ত গুরুতর বিপদের সম্মুখীন হইতে, এমন কি তাহার প্রাণ পর্যন্ত বিসর্জন দিতেও অবিচালিত দেখি, তখন আমরা তাহাকে খুব দৃঢ় চিত্ত বা প্রগর মনোবলসম্পন্ন ব্যক্তি বলিয়া অভিহিত করিয়া থাকি। যে ব্যক্তি সামাজ্য মূলধনের সাহায্যে ব্যবসায়ে জঙ-

পতি হইয়াছে, কিম্বা অতি নিঃস্ব অবস্থা হইতে পদ-  
মস্থানা ও ঐশ্বর্যোর উচ্চতম শিখরে আরোহণ করি�-  
যাইতে, অথবা যে পাপ কর্মালিঙ্গ ব্যক্তি আত্মসংযম ও  
সাধনা দ্বারা ধার্ষিক ও ধর্মোপদেষ্টাঙ্কপে পরিণত  
হইয়াছে, তাহাদের বাস্তিগত সাক্ষ্যের মূলেও প্রথম  
মনঃ শক্তিরই প্রভাব উপলব্ধি হইয়া থাকে। এই  
সকল ক্ষমতা ব্যতীত মনের আরও নানা প্রকার শক্তি  
আছে ; যেমন,—দিব্যদৃষ্টি (Clairvoyance),  
দিব্যশ্রুতি (Clairaudience), দিব্যচূড়ান্তি  
(Psychometry), রোগারোগোর শক্তি  
(Healing power)। ইত্যাদি। উচ্ছাদিগকে  
একত্রিত করে “মনঃশক্তি” (mind-power) বলে।  
“ইচ্ছাশক্তি” মনঃশক্তিরই একটি বিশেষ রূপ।

### মানব-হৃদয়ে প্রকৃতি-দৃষ্টি যে সকল শক্তি

বিদ্যমান আছে, তন্মধ্যে ইচ্ছাশক্তিরই সর্ব প্রবণা;  
যেহেতু এই শক্তির প্রেরণা ব্যতিরেকে তাহার অপর  
কোন শক্তিই স্বাধীনভাবে কার্য্য করিতে পারে না।  
এই শক্তির অধিকারী বলিয়াই মানুষ অপরাপর  
গুণী অপেক্ষণ শ্রেষ্ঠ এবং সে ইচ্ছামত সকল কার্য্য  
সম্পাদনে সমর্থ। যদি তাহার এই শক্তি না থাকিত,

## ইচ্ছাশক্তি

তবে সে ইতর জন্মদিগের আয়ই আহাৰ-বিহাৰ ইতাদি কৱিয়া জীৱন দীলা সাঙ্গ কৱিতে বানা হইত।

ইচ্ছাশক্তি বলে ধাৰণায় অভীমিত কাৰ্য্যে সিদ্ধি লাভ কৱিতে পাৱা যায়। এই শক্তি সাহাৰে নিজেৰ ও অপৱেৰ শারীৰিক, মানসিক, মেতিক, বৈষণিক ও আধ্যাত্মিক উন্নতি সাধন এবং অপৱেৰ ঘনেৰ উপৱ আধিপত্য কৱিতে পাৱা যায়। প্ৰথম ইচ্ছাশক্তিসম্পন্ন বাস্তুগণ জড় প্ৰকৃতিৰ উপৱ ও আধিপত্য কৱিতে পাৱেন। যোগীগণ এই শক্তি সাহাৰে নানা প্ৰকাৰ অনৌৰোধিক কাৰ্য্য সম্পন্ন কৱিয়া থাকেন। উচ্চাদেৱ নিকট ইহা “বিভূতি” বা “সিদ্ধি” বলিয়া পৱিত্ৰিত।

বিশ্বপিতার অসীম অনুগ্রহে সকল মনুষ্যেৰ দুদৰেই এই মহাশক্তিৰ বীজ নিষিদ্ধ আছে; কিন্তু উহা অকুৱিত না হওয়া পৰ্যন্ত কেহই উহা হইতে কোন ফল লাভে সক্ষম হয় না। কাৰণ বীজ হইতে ফল পাওয়া যায় না, বৃক্ষই উহা প্ৰদান কৰে। একটি শুদ্ধায়তন বীজেৰ অভাস্তৱে বিশালকাৰ বৃক্ষ অগণিত কস সতকাৰে সূক্ষ্মাকাৰে বিদ্যুমান থাকিসেও যেমন ঐ বীজটি অকুৱিত হইয়া বৃক্ষ পৱিণ্ঠ না

উত্তরা পর্যন্ত কোন স্বল্প দান করে না, সেইস্বল্প  
এই শক্তি আমাদের সকলের মধ্যে অন্তর্নিহিত  
পার্কিঙ্গও জাগ্রত ও বাস্তিত না উত্তরা পর্যন্ত আমাদের  
অভৌতিক কার্য সকল সম্পর্ক করিতে পারে না।  
অতএব, এই শক্তি সাহায্যে বাস্তিত বিষয়ে সাফল্য  
লাভের প্রয়োগী হইলে, উপবৃক্ত সাধনা দ্বারা অঙ্গে  
উহাকে জাগ্রত ও বাস্তিত করিতে হইবে।

কেহ কেহ বলিয়া থাকেন যে, তাহাদের  
একটি ইচ্ছাশক্তি নাই, একথা যথার্থ নহে।  
উপবৃক্ত চর্চার অভাবে এই শক্তি অধিকৎশ নর  
নারীর হস্তেই সুপ্রাবহ্যায় অবস্থিত থাকাতে,  
তাহার উহার সঙ্গ উপজীবি করিতে পারে না।  
কিন্তু কাহারও দ্বারা উহার অস্তিত্ব অনুভূত হউক  
জার না হউক, উহা সকলের মধ্যেই বিশ্বাস  
আছে। উপবৃক্ত সাধনা দ্বারা উহাকে বিকাশ  
করিতে পারিলেই উহার সঙ্গ অনুভূত ও  
কার্যকারিতা প্রতাশীভূত হয়। যদিও সকলের  
পক্ষে এই শক্তিকে পৃণ্মাত্রায় বিকাশ করা  
সম্ভব হয় না, তথাপি উপবৃক্ত যত্ন, চেষ্টা ও পরিশ্ৰম  
করিলে যে প্রতোক স্তৰী ও পুরুষই উহাকে অন্তাধিক

পরিমাণে বন্ধিত করিতে পারে, তাহাতে কোন  
সন্দেহ নাই।

এই শক্তি পূর্ণ মাত্রায় বিকশিত হইলে উহার  
সাহায্যে ইচ্ছা মাত্র যাবতীয় কর্ম সম্পন্ন করা যায়।  
কিন্তু তাঙ্গা করিতে বেঁকুপ কঠোর সাধনার প্রয়োজন,  
তাহাতে অতি অল্প লোকই সমর্থ হইয়া থাকে।  
সর্বদা বিয়য়-কল্পনাপুর লোকদিগণে কার্যান্তরোধে  
এমন অবস্থায় পাকিতে হয়, যাহাতে তাঙ্গারা কোন-  
ক্ষেত্রেই তদ্বপ্ন সাধনায় রাত হইয়া পাকিতে পারে না।  
স্মৃতরাং তাঙ্গাদের পক্ষে খুব কঠিন সাধনা কথনও  
সম্ভবপর নয়। তগাপি যদি কেউ এক্রপ সাধনায়  
সঙ্গম হয়, উভয় ; তিনি এই প্রতিকার সেইক্রপ  
সাধনারও ইদ্বিত পাইবেন এবং তদনুসারীই ফল  
লাভে সমর্থ হইবেন।

## দ্বিতীয় অধ্যায় ।

ইচ্ছাশক্তি সাধনোপযোগী আবশ্যকীয়  
গুণ ও আহার-বিহার ইত্যাদি ।

ইচ্ছাশক্তি লাভাকাঙ্গী সচেতনের সহিত সাধনার প্রবৃত্তি হইবে । তাহার এই শক্তি জাতের একমাত্র উদ্দেশ্য হইবে, নিজের ও অপরের মঙ্গল সাধন । অপরের কোন অনিষ্ট না করিয়া নিজের এবং একজনের কোন ক্ষতি না করিয়া আর একজনের উপকারই স্বার্থ হিতকর কার্য । সে কেবল এইরূপ সংকোচ্য সাধনের নিমিত্তই এই শক্তি সাধনায় প্রবৃত্তি হইবে ; কদাপি কোন ইন স্বার্থ সিদ্ধির মানসে শক্তি জাতের আকাঙ্ক্ষা করিবে না ; কিঞ্চিৎ শক্তি-জাতের পরও উচ্চ দ্বারা কাহারও শারীরিক, মানসিক, নৈতিক বা বৈষয়িক বিষয়ে অনিষ্টের প্রদাস পাইবে না । যদি কেহ এই নিষেধ স্বত্ত্বাও এইরূপ কোন কার্য করিবার নিমিত্ত এই শক্তি প্রয়োগ করে তবে

সে, তাহার কৃত পাপের জন্য বিশ্ব নিয়ন্ত্রার নিকট  
নিজেই সম্পূর্ণরূপে দায়ী হইবে এবং তজ্জন্য সমুচিত  
দণ্ড ভোগ করিবে। কেহ কেহ বলেন, ইচ্ছাশক্তি  
গ্রন্থরিক শক্তি, উহা দ্বারা জগতের কেবল তিতকার্যাই  
সাধিত হয়, কোন অন্যায় কর্ম সম্পাদন করা যায়  
না। একথা যথার্থ নহে। কারণ যে শক্তি ভাল  
কায় করিতে পারে, তাহা মন্দ কর্ম করিতেও তুলা  
রূপে সমর্থ। জগতে এমন কোন শক্তির সত্ত্বত  
আমাদের পরিচয় নাই, যাহা কেবল ভাল করিতে  
পারে, মন্দ করিতে পারে না ; ভাল মন্দ উভয় কার্যে  
একই শক্তির ক্রিয়া দৃষ্ট হয়। যে মনোবল আশীর্বাদ  
রূপে সিদ্ধি দান করে, অভিশাপ রূপে তাহাই আবার  
স্তুপ-সৌভাগ্য তরণ করিয়া থাকে।

সত্ত্বদেশের সত্ত্বত আরও কয়েকটি বিশেষ মান-  
সিক শুণ আছিয়া শিক্ষার্থীকে এই শক্তি চর্চায় প্রবৃত্ত  
হইতে হইবে। যথা,—বিশ্বাস, স্থির-সকল্প, অধ্যবসায়  
ও বৈর্য। প্রথম তাহাকে ইহা বিশ্বাস করিতে  
হইবে যে, সে বিশ্বপিতার সন্তান এবং তাহার দুদয়ে  
তাহার অসীম শক্তির এক কণিকা সুপ্তাবস্থায় নিঃচিত  
আছে এবং সে উপরূপ সাধনা দ্বারা উহাকে জাগ্রত

ও বর্দিত করিতে সমর্থ। তদ্বিন তাহাকে আরও বিশ্বাস করিতে হইবে যে, সে এই পুস্তকের নিয়ম-প্রণালীর সাহাবে এই শক্তিকে জাগ্রত করিতে সমর্থ হইবে। যেহেতু নিয়ম-প্রণালীর উপর আশা না থাকিলে কেউ কোন সাধনাতেই সিদ্ধি লাভ করিতে পারে না। স্বীয় ক্ষমতার প্রতি আস্তাবান শিক্ষাপীর সিদ্ধি লাভের নিমিত্ত দৃঢ় সকল থাকা আবশ্যিক। যেহেতু হির সকল বাতিরেকে কেউ কখনও নির্দিত মনঃশক্তিকে জাগ্রত করিতে সক্ষম হয় না। তৎপরে চাই, তাহার অধ্যবসায় ও বৈর্ণোনিক কারণ উপযুক্ত চর্চার অভাবে যে শক্তি তাহার হস্তান্তরে দীর্ঘকাল যাবত স্ফুর্তিহীন ভাবে রহিয়াছে, উহাকে জাগ্রত ও কার্য্যক্ষম করিতে যে দৃঢ় অধ্যবসায় ও অটল বৈর্ণোনিক কারণে আবশ্যিক, তাহা অধিক বলা আবশ্যিক নাই। সে এই সাধনার অস্তর্গত সহজ বিষয়গুলিতে অন্ত চেষ্টাতে ক্রতৃকার্য্য হইতে সক্ষম হইলেও, কঠিন বিষয়ে সাফল্য লাভের নিমিত্ত তাহাকে অত্যন্ত বৈর্ণোনিক সহিত বারংবার চেষ্টা করিতে হইবে। যে সকল ব্যক্তি সাময়িক খেয়ালের বশে এই শক্তি চর্চায় প্রবৃত্ত হয় এবং ডাঁড়ি-চার মিনের মধ্যে ক্রতৃ-

কার্যতা লাভ করিতে না পারিলেই বৈর্যাচাত ও  
বিরক্ত হইয়া চেষ্টা পরিত্যাগ করে, তাহারা ইহার  
সম্পূর্ণ অনুপযুক্ত। সিদ্ধি কেবল তাহারই প্রাপ্তি  
যে সাধনার বিমৃশ নহে।

এই শক্তি সাধনার নিমিত্ত .শিঙ্কার্থীর আহার-  
বিহারে যথা সাধ্য সংযম অবলম্বন ভিন্ন কোন ধরা-বাধা  
নিরূপ পালনের আবশ্যক নাই। ৫০ সাধারণতঃ যে  
সকল খাদ্যাদি আহার ও স্বভাবতঃ যেন্তে ভাবে  
চলা-ফেরা করে, এই শক্তি চর্চার কালীনও সেই  
সংযমের সত্ত্বত তৎসন্মুদ্দায়ই করিতে পারিবে।

আহার সম্বন্ধে আমার বাক্তিগত গত এই বে.  
আমিষ অপেক্ষা নিরামিষ আহার শ্রেষ্ঠ। শীত প্রধান  
দেশে মৎস্ত, মাংস ইত্যাদি স্বাস্থ্য বৃক্ষার জন্য প্রয়ো-  
জনীয় খাদ্য বলিয়া বিবেচিত হইতে পারে, কিন্তু  
ভারতবর্ষে তাহা নয়। এই দেশ গ্রীষ্ম প্রধান বলিয়া  
আমাদের পক্ষে আগিষ্ঠাহার অভিত্তকর। আর্য  
খাবিগণ সহস্র সহস্র বৎসর ক্রমাগত পরীক্ষা করার  
পর নিরামিষ ভোজনকেই মানুষের একমাত্র স্বাভাবিক  
ও শ্রেষ্ঠ খাদ্য বলিয়া নির্দেশ করিয়া গিয়াছেন।  
নিরামিষকে “সাহিকাহার” বলে। নিয়মিতরূপ

সাধিকাহারে “আরু, সত্ত্ব বল ও আরোগ্য” লাভ হয়। প্রাচীন আধিগণের আবিস্কৃত এই বাকেয়ের সত্যতা বর্তমান যুগেরও বহু বৈজ্ঞানিক কর্তৃক সমর্থিত হইয়াছে। নিরামিষাহারের শ্রেষ্ঠতার পক্ষে, যে সকল সত্ত্ব আবিস্কৃত তইয়াছে, তৎসমক্ষে বিস্তৃত আলোচনার স্থান, এই ক্ষুদ্র পুস্তকের কলেবরে সংকুলান হইবে না দলিল। সেই চেষ্টা পরিত্যক্ত হইল।

যাহা হউক, ইচ্ছাশক্তি সাধনের জন্য নিরামিষ  
তোজন একান্ত বাধ্যতা মূলক নয়। স্বতরাং আমিষা-  
হারীগণও এই পুস্তিকার নিয়ম-প্রণালী সকল যথা-  
যথক্রমে পালন করিতে পারিলে, ইচ্ছাতে সাকলা লাভ  
করিতে পারিবে। আর যদি কেহ এই শক্তি সাধনার  
 নিমিত্ত আমিষাহার পরিত্যাগ করিতে সক্ষম হয়।  
 এবং তৎসঙ্গে ব্রহ্মচর্যাও পালন করে, তবে তাহার  
 সিদ্ধি লাভ খুব সহজ হইবে। যেহেতু এই ছইটি  
 বিষয়ের মধ্যে কতকগুলি উৎকৃষ্ট সংযম নিহিত।  
 থাকাতে উহারা মনঃশক্তি লাভের বিশেষ সহায়ক  
 হইয়া থাকে। নিরামিষ তোজন ব্রহ্মচর্যের একটি  
 প্রধান অঙ্গ; কারণ উহা তিনি যথাগ্রহক্রমে ব্রহ্মচর্য  
 পালন হয় না। শিক্ষার্থী আহার-বিহার সম্বন্ধে এই

সংবয় অবস্থানে ভীত না হইয়া বীরের গ্রাম সাধনায় প্রবৃত্ত হইলে যে, সে অতি অল্প সময়ের মধ্যেই তাহার ইচ্ছাশক্তিকে সমধিক পরিমাণে লিপিশিত করিতে সমর্থ হইলে, তাহাতে কোন সন্দেহ নাই ।

শিঙ্কার্থী এই প্রস্তাব অনুশীলনগুলি একটি একটি করিয়া অভ্যাস করিবে ; কথনও এক সময়ে একাধিক বিষয় লইয়া চেষ্টা করিবে না ; কিন্তু একটি সহজ কার্যে সম্পূর্ণরূপে সাফল্য লাভ না করিয়া কোন কঠিন কার্যে উত্তীর্ণ করিবেন। সে, ইহাতে প্রবৃত্ত হওয়ার পর, একনিষ্ঠ ভাবে নীরব সাধনায় রত থাকিবে এবং সাধনা ও সিদ্ধির বিষয় অপরের নিকট প্রকাশ করিবে না । সাধনার বিষয় অপরের নিকট প্রকাশ করিলে সিদ্ধি লাভের বিষ্ফল ঘটে ; এজন্য তৎসম্বন্ধে ধার্বতীয় বিষয় যত্নের সত্ত্ব সর্বদা গোপন রাখিতে হয় ।

স্বী পুরুষ ভেদে সকল বয়সের এবং সকল অবস্থার লোকই এই শক্তি চর্চায় প্রবৃত্ত হইতে পারে এবং উপযুক্ত সাধনায় সক্ষম হইলে, এই মহাশক্তিকে জাগিত করিয়া শারীরিক, মানসিক, নৈতিক, বৈষয়িক ও আধ্যাত্মিক বিষয়ের প্রভৃতি উন্নতি সাধন করিতে

পারে। এই সাধনায় চাই, আত্মবিশ্বাস, দৃঢ়সংকল্প,  
কঠোর অবালম্বন ও অবিচলিত বৈর্য,—চাই  
একান্তিক যত্ন, চেষ্টা ও পরিশ্ৰম। ধাহাৱ হৃদয়ে এই  
সকল গুণ বৰ্তমান, তাত্ত্বার সাধনা অৱশ্য সিদ্ধ হইবে।

## তৃতীয় অধ্যায় ।

### ইচ্ছাশক্তি বর্দনের উপায় ।

কেহ কেহ বলেন, ইচ্ছাশক্তি সকল মনুষ্যের  
সদরেই পূর্ণ মাত্রায় বিহুমান আছে, স্বতরাং উহা  
বর্দনের কোন প্রয়োজন নাই। তাহাদের মতে  
ইহা দ্বারা অভীষ্ট কার্যাদি সাধন করিতে চাই, কেবল  
উহার অঙ্গের উপর বিশ্বাস। এই বিশ্বাসের  
গভীরতার উপরই উহার কার্যকারিতা সম্পূর্ণরূপে  
নির্ভর করে। যে ব্যক্তি নিজেকে যত বেশী পরিমাণে  
ইচ্ছাশক্তির অবিকারী বলিয়া যথার্থরূপে বিশ্বাস  
করিতে পারিলে, তাহার শক্তি সেই পরিমাণে কঠিন  
কার্য সকল সম্পাদন করিতে সমর্থ হইবে।

পক্ষান্তরে, আর এক শ্রেণীর গ্রাহকার বলেন,  
যে বিশ্বজনক মনুষ্যকে এই মতাশক্তির কেবল একটু  
কণিকা মাত্র দান করিয়াছেন ; এই শক্তি-কণা ব্যক্তি-  
গত চেষ্টা দ্বারা ইউক বা প্রকৃতির সাহায্যে ইউক,  
উপরুক্ত পরিমাণে বিকশিত না হওয়া পর্যাপ্ত উহা মনুষ্য-  
সদরে ভস্ত্বান্ত বহিস্থ অধিক নিষ্ক্রিয় ভাবে অবস্থান

করে। যাহারা সাবনা দ্বারা উহাকে জাগ্রিত করিতে  
সক্ষম হয়, তাহারা উহার সাহাব্যে বাস্তিত বিষয়ে  
সিদ্ধি লাভ করে; আর যাহারা তাহাতে অলঙ্ঘ  
বা অবহেলা করে, তাহাদের দ্বারে উহা চিরকাল  
স্মৃতিবস্থাতেই রহিয়া যায় এবং তাহারা উহা হইতে  
কোন ফলাই লাভ করিতে পারে না।

প্রথমোক্ত বাস্তিগণের মত অভ্যন্ত নহে। কারণ  
তাহারা ইচ্ছাশক্তির কার্যকারিতা যে বিশ্বাসের উপর  
গুরুত বলিয়া নির্দেশ করেন, তাহা চৰ্চা বা অভ্যাসেই  
দৃঢ় হইয়া থাকে। যে ব্যক্তি সন্তুষ্ট বিদ্যার পারদণ্ডী—  
তরা গঙ্গা বা পদ্মা অবলীলাক্রমে পার হইয়া পুনঃ পুনঃ  
তাহার শক্তি পরীক্ষা করিয়াছে,—সে ইংলিস প্রণালী  
( English Channel ) অতিক্রম করিতে সমর্থ  
বলিয়া স্বীয় ক্ষমতার প্রতি আস্থাবান হইলেও হইতে  
পারে, কিন্তু যাহার সন্তুষ্ট-শক্তি কখনও পরীক্ষিত হয়  
নাই, সে কি নিজের ক্ষমতার প্রতি তাদৃশ আস্থাবান  
হইতে পারে? আজ যে বাস্তি ইচ্ছাশক্তি বলে কোন  
পুস্তকের এক পৃষ্ঠা মুখ্যত করিতে সক্ষম, অভ্যাস দ্বারা  
তাহার ঐ শক্তি বাস্তিত হইলে, যখন সে উহার ছবি  
পৃষ্ঠা কঠিন করিতে পারিবে, তখন কি তাহার এই

শক্তির প্রাথম্যের প্রতি অধিক বিশ্বাস জমিবে না ?  
স্বতরাং ইচ্ছাশক্তি বিকাশের জন্য সাধনা আবশ্যিক ।  
বস্তুতঃ মানব-হৃদয়ে যে সকল শক্তি নিশ্চিত আছে,  
উপরুক্ত সাধনা বাতিলেরেকে উত্তাদের কোনটাকেই  
জাগ্রত্ত করা যায় না ।

ইচ্ছাশক্তি বর্ণনের বেসকল উপায় আছে, তন্মধ্যে  
“অটো-সার্জেস্টিভ মেথড” ( auto-suggestive  
method ) সহজ ও সর্বজনাদৃত । সেজন্ত এই  
পুস্তিকার্য কেবল উক্ত প্রণালীই অনুসৃত হইল ।  
“অটো-সার্জেস্টান্” ( auto-suggestion ) এর  
বাঙ্গালায় কোন প্রতিশব্দ নাই । উভার অর্থ,—  
নিজের প্রতি নিজের ইঙ্গিত ( suggestion )  
“আদেশ” ( command ) দেওয়া । স্বতরাং নিজের  
প্রতি নিজের ইঙ্গিত বা আদেশ-প্রদান প্রণালীকেই  
“অটো-সার্জেস্টিভ মেথড” বলে । নিজের প্রতি  
নিজের আদেশ প্রদানের অর্থ,—কোন একটি বিশেষ  
ভাবকে নির্দিষ্ট প্রণালীতে চিন্তা, বাক্য ও কষ্টের  
পুনঃ পুনঃ আবৃত্তি ও অনুষ্ঠান দ্বারা ঘনের মধ্যে  
গভীরভাবে অঙ্গীকৃত বা বন্ধমূল করিয়া দেওয়া । ইচ্ছা-  
শক্তি বর্ণনের ইঙ্গিত সর্কোৎক্ষণ পদ্ধা ।

খৃষ্টীয় উনবিংশ শতাব্দীতে বাবহারিক মনো-  
বিজ্ঞান (Experimental Psychology) চর্চার যে  
সকল সত্য আবিষ্কৃত হইয়াছে, তন্মধ্যে অটো-সাংজেস্ট-  
সান একটি প্রধান বিষয়। এই তত্ত্ব আবিষ্কারের পর  
হইতেই এই বিজ্ঞানের প্রতি শিক্ষিত জন সাধারণের  
মনোবোগ সমধিক পরিমাণে আকৃষ্ট হইয়াছে। বহু-  
লোক ইহার সাহায্যে শারীরিক, মানসিক, নৈতিক,  
বৈষয়িক ইত্যাদি বিষয়ে প্রভৃতি উন্নতি সাধন  
করিয়াছেন এবং উহার অত্যাশ্চর্যা কার্যাকারিতা  
প্রত্যক্ষ করিয়া দিন দিনই লোক অধিকতর সংখ্যায়  
উহার প্রতি আকৃষ্ট হইতেছেন। ইহা দ্বারা সর্ব-  
প্রকার শারীরিক এবং মানসিক রোগ আরোগ্য ও  
যার্থত্বীয় মন্দ অভ্যাস ( চরিত্র দোষ ) বিদূরিত  
করিতে পারা যায়। এতদ্বাতীত অন্তনিহিত শক্তি-  
ওলিকে জাগ্রত ও বিকশিত এবং সংবৃতি নিচয়কে  
বক্ষিত করিতে পারা যায়। বস্তুতঃ অটো-সাংজেস্ট-  
সান দ্বারা যত সহজে শরীর ও মন গঠন করা যায়,  
তেমন আর কিছুতেই তর না।

পারিপার্শ্বিক অবস্থার মধ্যে মানুষ ভাল-মন্দ যাহা  
কিছু শিক্ষা করে, তদনুসারেই তাহার রুচি-প্রবৃত্তি

গঠিত ও তাহার ভবিষ্যৎ জীবন নিয়ন্ত্রিত হয়। যদি সে উত্তম সংসর্গে থাকিয়া তাল শিক্ষা লাভ করে, তবে তাহার প্রকৃতি সৎ ও উহার ফলে তাহার ভবিষ্যৎ জীবন সুখের হয়; আর যদি সে অসৎ সংসর্গে পতিত হইয়া কুশিক্ষা পায়, তবে তাহার প্রবৃত্তি নিকুঠি হয় এবং উহা হইতে তাহার জীবনে হংখ-অশাস্ত্র ইত্যাদি ভোগ হইয়া থাকে। এই তাল বা মন্দ শিক্ষা সে অপরের বাক্য (আদেশ, উপদেশ বা অনুরোধ) ও কার্য হইতে গ্রহণ করে। এই বাক্য বা কার্যই মনোবিজ্ঞানের ভাষায় যথার্থ ইঙ্গিত বা আদেশ। এই ইঙ্গিত হইতেই জ্ঞাত বা অজ্ঞাত-সারে তাহার নৈতিক, বৈষয়িক ও আধ্যাত্মিক জীবন গঠিত হইয়া উঠে। কেবল যে অপরের ইঙ্গিতেই তাহার চরিত্র গঠিত হয়, তাহা নহে; তাহার নিজের ইঙ্গিতেও জ্ঞাত বা অজ্ঞাতসারে (through his conscious and unconscious auto-suggestion) তাহার প্রকৃতি গঠিত হইয়া থাকে। রামের ধূমপান রূপ ইঙ্গিত যদি গ্রাম ইচ্ছাপূর্বক গ্রহণ করে, (অর্থাৎ তামাক খাওয়া শিখে) তবে উক্ত ইঙ্গিত তাহার জ্ঞাতসারে গৃহীত বলিয়া কথিত

হয়। আর যদি উহা তাহার জ্ঞাত চেষ্টা  
ব্যতিরেকে গৃহীত হয় (অর্থাৎ সে অজ্ঞাতসারে  
ধূমপানে অভ্যন্ত হয়) তবে উহাকে অজ্ঞাতসারে  
গৃহীত ইঙ্গিত বলিয়া অভিহিত করা যাব। আবার  
যদি কেহ ইচ্ছাপূর্বক কোন একটি ভাব,—যেমন,  
“আমি আর মন্ত্রপান করিব না”—অটো-সার্জেস্সান  
দ্বারা স্বীয় হৃদয়ে বন্ধমূল করিয়া দেয়, তবে তাহার মন  
মন্ত্র পানে বীতশ্চৃহ হয় এবং তাহার ফলে সে উক্ত  
অভ্যাস পরিত্যাগ করিতে বাধ্য হইয়া থাকে।  
সেইরূপ যদি কোন কারণে কোন একটি চিন্তা,—যেমন  
“আমার অস্থি হইবে”—তাহার অজ্ঞাতসারে তাহার  
মনের মধ্যে প্রবেশ করিয়া পুনঃ পুনঃ উদ্বিত হইতে  
থাকে, তবে সে তাহা হইতে রোগাক্রান্ত হইয়া  
থাকে। স্বতরাং অপরের এবং নিজের জ্ঞাত বা  
অজ্ঞাত ইঙ্গিত দ্বারা শরীর ও মন উভয়েই সংক্রমিত  
বা প্রভাবাবিত হইতে পারে।

কোন একটি ভাবকে চিন্তা, বাক্য ও কর্মের  
পুনঃ পুনঃ আবৃত্তি ও অনুষ্ঠান দ্বারা হৃদয়ে বন্ধমূল  
করিতে পারিলে, মন তদনুযায়ী কার্য করিতে বাধ্য  
হয়। মন কোমল মৃত্তিকা সদৃশ। নরম মাটিকে

## ইচ্ছাশক্তি

২০

যেমন গড়িয়া-পিটিয়া ইঁড়ি, ঘট, কলসী ইত্যাদিতে  
পরিণত করা যায়, সেইরূপ মনকেও অটো-সার্জেস্সান  
দ্বারা ইচ্ছামত গঠন করিতে পারা যায়। মানুষের  
সুখ ও দুঃখ, স্বাস্থ্য ও রোগ, সাকলা ও বিফলতা  
ইত্যাদি সকলই মনের স্থিতি ; জ্ঞাত বা অজ্ঞাতসারে,  
প্রত্যক্ষ বা পরোক্ষভাবে মনের দ্বারাই উহারা স্থৃত  
হইয়া থাকে। এজন্ত মনকে আয়ত্ত করিতে পারি-  
লেই জীবনের যাবতীয় বিষয়ের উপর আধিপত্য  
করিতে পারা যায়।

## চতুর্থ অধ্যায়

### ইচ্ছাশক্তি জাগ্রত করণ।

ইচ্ছাশক্তি লাভাকাঙ্ক্ষীকে প্রথমে তাহার শক্তি জাগ্রত করিতে হইবে। তাহার হস্তয়ে যে ইচ্ছাশক্তি সূপ্তাবস্থায় বিদ্যমান আছে, তাহা কেবল মুখে স্বীকার করিলেই চলিবে না ; অন্তরের সহিত দৃঢ়-ক্রপে তাহা বিশ্বাস করিতে হইবে। কোন একটি ধারণা হস্তয়ে বদ্ধমূল না হইলে উহার প্রতি কথনও স্থির বিশ্বাস জয়িতে পারে না। এজন্য শিক্ষার্থীকে প্রথমে অটো-সার্জেসনান দ্বারা উক্ত ধারণা স্বীয় হস্তয়ে গভীর ক্রপে অঙ্কিত করিয়া লইতে হইবে। তজ্জন্ম সে নিম্নোক্ত উপায় অবলম্বন করিবে।

### প্রথম অনুশীলন।

ছয় বা সাত ইঞ্চি দৈর্ঘ্যে ও দুই-আড়াই ইঞ্চি  
প্রশ়ে এক টুকুরা সাদা কাগজে, কাল কালিতে,  
সুস্পষ্ট ও বড় অক্ষরে নিম্নোক্ত আদেশ-মন্ত্রটি

( suggestion ) লিখিবে—“আমার ইচ্ছাশক্তি  
প্রথর এবং আমি এই শক্তিবলে সকল  
কার্য সম্পাদন করিতে পারি।” তৎপরে এই  
আদেশ-মন্ত্রটির প্রতি এক মিনিট কাল হিঁর নেত্রে  
তাকাইয়া থাকিয়া যথা সন্তুষ্ট একাগ্রচিত্তে ১০।১২  
বার উহা মনে মনে আবৃত্তি করিবে। অনন্তর  
কাগজখানাকে তঁজ করিয়া সর্বদা ব্যবহারের  
জন্য নিজের কাছে রাখিয়া দিবে। দিন ও  
রাত্রির মধ্যে যতক্ষণ সজাগ থাকিবে, ততক্ষণ  
এক বা দেড় ঘণ্টা অন্তর অন্তর ঔ কাগজখানা  
বাতির করিয়া আদেশ মন্ত্রটিকে মনের মধ্যে আবৃত্তি  
করিবে। কোন কোন গ্রন্থকার ১০০ হইতে ১৫০  
বার পর্যন্ত ঐন্দ্রিয় অভ্যাস করিতে উপদেশ দিয়াছেন;  
তাহাতে এক একবারে কেবল ২।৩ সেকেণ্ডের জন্য  
উহা আবৃত্তি করিলেও চলিতে পারে। আসল কথা,  
সজাগ অবস্থায় যত অধিক বার ঐন্দ্রিয় অভ্যাস করা  
সন্তুষ্ট হয়, তাহা করিবে। উহা আবৃত্তি করার সঙ্গে উক্ত  
ভাবটিকে সত্য বলিয়া বিশ্বাস করিবে, অন্তর্থায় কেবল  
পাপীর বুলির মত আওড়াইলে কোন ফল হইবে না।  
রাত্রিতে শয্যা গ্রহণ করণান্তর কাগজখানার প্রতি

১। ৩ মিনিটের জন্য তার একবার তাকাইয়া থাকিবে, পরে চক্ষু বুজিয়া আদেশ মন্ত্রটিকে খুল মনোযোগের সহিত আবৃত্তি করিবার সঙ্গে উহা সত্য বলিয়া চিন্তা করিতে করিতে ঘূর্মাইয়া পড়িবে। যদি উহা করিবার সময় ঘূর্ম তর, উত্তম ; অন্তর্ভার ১০। ১২ মিনিট কাল উক্তক্রপ আবৃত্তি ও চিন্তা করিয়া উহা বন্ধ করিবে। এই অনুশীলনটি আবৃত্তি করিতে করিতে ঘূর্মাইয়া পড়িতে পারিলে, তাহার মন নির্দিতাবস্থায় উক্ত আদেশ-মন্ত্রের শর্মানুধারী কার্য্যে রত থাকিবে ; তাহাতে ঐ ভাবটি হৃদয়ে খুব দৃঢ়ক্রপে অঙ্গিত হইবে। উহা অভ্যাস কালীন ঘূর্ম হটক বা না হটক, রাখিতে কোন সময় নির্দিতভঙ্গ হইলে, পুনরায় নির্দা যাওয়ার সময় উহা পূর্বের গ্রায় আবৃত্তি করিতে করিতে ঘূর্মাইবার চেষ্টা করিবে।

শিক্ষার্থী প্রতিদিন নিয়মিতক্রপে এক বা দুই সপ্তাহ কাল ইহা অভ্যাস করিলে উক্ত ভাবটি তাহার হৃদয়ে দৃঢ়ক্রপে অঙ্গিত হইবে এবং উহার ফলে তাহার প্রাণে এক নৃতন উৎসাহ বা বলের আবির্ভাব হইবে। যদি এই সময়ের মধ্যে উহা অনুভূত না হয়, তবে আরও কিছুদিন অনুশীলনটি অভ্যাস করিবে। আসল

কথা, তাহার হস্তয়ে উক্ত ভাবের সংক্ষার না হওয়া পর্যন্ত, সে উহার প্রতি দৃঢ় সংলগ্ন হইয়া থাকিবে। যখন সে উহা অভুতব করিতে পারিয়াছে, তখন সে ক্ষুদ্র ক্ষুদ্র কার্য্যের প্রতি তাহার ইচ্ছাশক্তি প্রয়োগ করতঃ উহার বল পরীক্ষা করিয়া দেখিবে :

### দ্বিতীয় অনুশীলন।

উপরোক্ত অনুশীলন দ্বারা শিক্ষার্থীকে স্বীয় হস্তয়ে এই ধারণাটি বন্ধনগুলি করিতে উপদেশ দেওয়া হইয়াছে যে, তাহার ইচ্ছাশক্তি প্রথম এবং সে উহা দ্বারা ইচ্ছাগত সকল কার্য্য সম্পন্ন করিতে পারে। সকল কার্য্য সম্পাদন করার ব্যাপকার্থে ইহাই উপসর্কি হয় যে, এই শক্তি দ্বারা যাহা ইচ্ছা তাহাই করা যায়। কিন্তু আপাততঃ সে উহার অর্থ এইরূপ গ্রহণ করিবে, যে, সে তাহার অন্তর্নিহিত ইচ্ছাশক্তির কার্য্য কারিতার প্রতি যে পরিমাণে আস্তানান, অর্থাৎ সে যথার্থক্রমে উহা দ্বারা যে সকল কার্য্য সম্পন্ন করিতে পারে বলিয়া মনে করে, তাহার ইচ্ছাশক্তি কেবল সেই সকল কার্য্যই সম্পন্ন করিতে সক্ষম। অবশ্য অভ্যাস দ্বারা তাহার শক্তি যেন্নপ বর্দিত

হইতে থাকিবে, সে উহার সাহায্যে উত্তরোত্তর সেই  
পরিমাণে কঠিন কার্যা সকল সম্পন্ন করিতে পারিবে।  
এজন্ত প্রথম প্রথম তাহাকে খুব সহজ কার্যা (যাতা  
সম্পন্ন করিতে বেশী যত্ন, চেষ্টা, পরিশ্রম বা সময়  
আবশ্যক হয় না) মনোনীত করিয়া ইচ্ছাশক্তি বলে  
উহা সম্পাদন করিবার প্রয়াস পাইবে। **দৃষ্টান্ত—**  
যেমন, ১০ বা ১৫ মিনিটের মধ্যে কোন পুস্তকের  
এক পৃষ্ঠা নকল করা, বা এই সময়ের মধ্যে কোন  
পুস্তকের ৫ লাইন কর্তৃত করা, কিঞ্চি ২০ মিনিটের  
মধ্যে এক মাইল পথ গমন করা ইত্যাদি। প্রথমে  
সে, এই রকমের কোন একটি কার্যা মনোনীত  
করিয়া ইহার পর, মনে মনে দৃঢ়তাৰ সহিত বলিবে,  
“আমাৰ ইচ্ছাশক্তি প্ৰথৱ ; আমি এই শক্তি দ্বাৱা  
এই কাৰ্যাটি অবশ্য সম্পন্ন কৱিব ; কোন বাধা-বিঘ্নই  
আমাকে এই সংকল্প চুত কৱিতে পারিব না।  
আমি ইহা সুচাৰুৰূপে সম্পন্ন কৱিয়া নিশ্চয়ই কৃত-  
কাৰ্য্য হইব।” এইক্ষণ স্থিৰ প্ৰতিজ্ঞ হইয়া বেশ  
শান্ত ভাবে ও প্ৰফুল্ল মনে কাৰ্য্যাটি আৱস্থা কৱিবে  
এবং উহা সুসম্পন্ন না হওয়া পৰ্যন্ত তৎপ্ৰতি খুব  
মনোযোগী হইয়া থাকিবে। উহাকে যত বেশী ভাল

রূপে সম্পন্ন করা সন্তুষ্টি, তাহা করিবে; কথনও  
দায়-সারা-রকমে অর্থাৎ ঘেমন-তেমন-করিয়া শেষ  
করিবার চেষ্টা করিবেন। যতক্ষণ এই কামে লিপ্ত  
থাকিবে, ততক্ষণ মাঝে মাঝে “আমার ইচ্ছাশক্তি  
থুব প্রণার, এবং এই শক্তি বলেই আমার গৃহীত  
কার্যটি নির্ধারিত সময়ের মধ্যে সুসম্পন্ন হইবে,”  
এরূপ চিন্তা করিলে তার মন উক্ত কার্যের প্রতি দৃঢ়  
সংলগ্ন হইয়া থাকিবে। কার্যটি শেষ হওয়ার পর  
শিক্ষার্থী এরূপ বিশ্বাস করিবে যে, তাহার ইচ্ছাশক্তি  
প্রভাবেই উহা সুসম্পন্ন হইল এবং সে এই সাকলের  
ধারা তাহার শক্তিকে কিয়ৎ পরিমাণে বৰ্কিত করিতে  
সক্ষম হইল। শিক্ষার্থী উক্ত রূপ অভ্যাসে কয়েক  
সপ্তাহ নিযুক্ত থাকার পর, তাহার শক্তি বৃদ্ধি  
হইয়াছে, এরূপ বৃদ্ধিতে পারিলে নিম্নোক্ত অনুশীলন  
গুলি অভ্যাস করিবে; কিন্তু যে পর্যন্ত উহা স্পষ্ট-  
অঙ্গুত্ব না হইবে, ততদিন সে পরবর্তী অনুশীলন গুলি  
অভ্যাসের প্রয়োগ পাইবে না।

### তৃতীয় অনুশীলন।

বর্তমান অনুশীলনের জন্য শিক্ষার্থী বিভিন্ন  
প্রকার কার্য সকল মনোনীত করিবে। এখন সে

তাহার ইচ্ছাশক্তি দ্বারা এরূপ কার্য সম্পাদনের চেষ্টা পাইবে যাহা একঘেয়েবা বিরক্তিকর, কিন্তু যেরূপ কার্যে তাহার মনের কোন স্পৃহা বা আগ্রহ নাই। আনন্দ-জনক বা লোভনীয় কার্যে স্বতঃই মন দৃঢ়সংলগ্ন হয়, কিন্তু অপ্রীতিকর কর্মে সহজে উহা স্থির ভাবে বসিতে চায় না। এজন্যই ইচ্ছাশক্তি বলে মনকে উহাতে স্থির পাকিবার জন্য বাধ্য করিতে হইবে, অর্থাৎ উহাকে ইচ্ছাশক্তির বশীভূত করিতে হইবে। দৃষ্টান্ত—যেমন, ১০০০ হইতে উণ্টা দিকে ১ পর্যন্ত গণনা করা বা প্রতি পদক্ষেপ গণনা করিতে করিতে অঙ্ক মাইল পথ গমন করা, কিন্তু ১০ মিনিট সময় সম্পূর্ণ স্থির ও নির্বাক ভাবে বসিয়া থাকা, অথবা একটা কলম বা পেনিলকে ১০ মিনিট কাল দৃঢ় মুষ্টিতে শূন্তের উপর ধরিয়া রাখা ইত্যাদি। সে নিজের বুদ্ধিবলেও এই রকমের বহু কার্য মনোনীত করিয়া অভ্যাস করিতে পারিবে। বলা বাহ্য যে, এই সকল কর্ম সুচারুরূপে সম্পন্ন করিতে পূর্বাপেক্ষ তাহার অধিক একাগ্রতা, সংকলনের দৃঢ়তা ও বৈর্য আবশ্যিক হইবে। সে প্রতিদিন নিয়মিতরূপে এই রকমের দুই-তিনটি কর্ম সুন্দররূপে সম্পন্ন করিবে।

উপরোক্ত সহজ কার্য গুলি সম্পাদন করিয়া কৃতকার্য্য হওয়ার পর সে, অপেক্ষাকৃত কঠিন কার্য্য মনোনীত করিয়া তাহার শক্তি পরীক্ষা করিবে এবং কিছুদিন এই অনুশীলনে ব্যাপৃত থাকার পর, পূর্বাপেক্ষা তাহার শক্তি বৃদ্ধি পাইয়াছে, এরূপ বৃদ্ধিতে পারিলে, নিম্নোক্ত অনুশীলনটি অভ্যাসের প্রয়াস পাইবে।

### চতুর্থ অনুশীলন।

পূর্বোক্ত অনুশীলনগুলি নিয়মিতরূপে ৩। ৪ সপ্তাহ অভ্যাস করিলে শিক্ষার্থীর আত্মবিশ্বাস, সংকলনের দৃঢ়তা, একাগ্রতা ইত্যাদি বৃত্তিগুলি বৃদ্ধিত হইবে এবং তাহার ইচ্ছাশক্তি ও পূর্বাপেক্ষা তীব্রতর তাবে কার্য্য করিতে সক্ষম হইবে। বর্তমানে সে প্রথম অনুশীলনের বর্ণিত কার্য্য অপেক্ষণ কঠিনতর কর্ম অর্থাৎ একাগ্রতা ও দৈর্ঘ্যের সঠিত ক্রমাগত ছাঁ-আড়াইঁ ঘণ্টা পরিশ্রম করিলে যে কার্য্য সম্পন্ন করা যায়, সেরূপ কার্য্য মনোনীত করিয়া তাহার ইচ্ছাশক্তি বলে সম্পাদন করিবে; অথবা সে ইচ্ছা করিলে ঐ সকল কার্য্য জাইয়াও অভ্যাস করিতে পারে, যে গুলিকে সে কঠিন বা শ্রম সাপেক্ষ মনে করিয়া

পরিত্যাগ করিয়াছে বা ভবিষ্যতে সম্পাদন করিবার জন্য স্থগিত রাখিয়াছে। দৈনিক এই রকমের কেবল একটি বা দুইটি কার্য সম্পাদন করিবে। উক্ত প্রকৃতির ভিন্ন ভিন্ন কার্য লইয়া কিছু দিন অভ্যাস করিলে, তাহার ইচ্ছাশক্তি অতিশয় বৃদ্ধি পাইবে। তখন সে উহার সাহায্যে কঠিন কার্য গুলিকেও স্বল্পায়াসে সম্পন্ন করিতে সমর্থ হইবে।

শিক্ষার্থী তাহার ইচ্ছাশক্তি দ্বারা যে সকল কার্য  
সম্পাদনে নিজকে সমর্থ বলিয়া যথার্থক্রমে বিশ্বাস না  
করিবে সেই সকল কার্যের উপর কথনও শক্তি  
প্রয়োগ করিবে না। ইচ্ছাশক্তি বলে কোন একটি  
কার্য সম্পন্ন করিতে সমর্থ হইলে, তাহাতে যে পরি-  
মাণে উহার তীব্রতা বৃদ্ধি হয়, অসমর্থ হইলে তদ-  
পক্ষে অধিক পরিমাণে উহার প্রাথম্য হাস হইয়া  
গুরুক্রে; এজন্য তাহাকে সর্বদা বিশেষ বিবেচনার সহিত  
শক্তি প্রয়োগ করিতে হইবে। সে এই সকল বিষয়  
উভয় ক্রমে হৃদয়ঙ্গম করিয়া নিয়মিত সাধনায় রত  
থাকিলে, তাহার শক্তি একপ বৃদ্ধি হইবে যে,  
উহার কার্যকারিতা দর্শনে সে নিজেই অত্যন্ত  
বিশ্বিত ও পুলকিত হইবে।

## পঞ্চম অধ্যায়

### আত্মসংবর্ধ ও চরিত্র গঠনের আবশ্যিকতা ।

শিঙ্গার্থী পূর্বোক্ত অনুশীলনগুলি সুন্দরভাবে  
অভ্যাস করিয়া কৃতকার্য্য হওয়ার পর, তাহার বর্ণিত  
ইচ্ছাশক্তিকে নিজের মন গঠন করিতে নিয়োগ  
করিবে ; যেহেতু তাহার মন ইচ্ছাশক্তির আয়ত্তা-  
ধীন না হওয়া পর্যন্ত, সে উহা দ্বারা কোন বিষয়েই  
বিশেষ সাফল্য লাভ করিতে পারিবেনা । ইচ্ছা-  
শক্তির কার্য্যকারিতা সমধিক পরিমাণে চিন্ত জয়ের  
উপর নির্ভর করে । যিনি সাধনা দ্বারা মনকে যে  
পরিমাণে বশ করিতে পারিয়াছেন, তিনি সেইরূপ  
শক্তিমান, তাহার শক্তি সেই পরিমাণে কার্য্যক্ষম ।

মানুষের মন অত্যন্ত চক্ষণ ; এজন্ত উহাকে  
সহজে বশীভূত করা যায় না । কিন্তু উহা যতই চক্ষণ  
বা অবাধ্য হউক, উপর্যুক্ত সাধনা দ্বারা অবশ্যই উহাকে  
আয়ত্ত করিতে পারা যায় । অবিরত বিন্দু বিন্দু

বারি পাত দ্বারা যদি কঠিন প্রস্তর হণ্ডের ক্ষয় প্রাপ্তি  
সম্ভব হয়, তবে উপযুক্ত যত্ন, চেষ্টা ও পরিশ্রম দ্বারা  
মনকেও দশীভূত করা যাইতে পারে। এই সাধনার  
নাম “আত্মসংযম।” আত্মসংযমের নাম শুনিয়া  
কাহারও ভীত হওয়ার কোন কারণ নাই; যেহেতু  
উহার জন্য কাহাকেও সংসার ছাড়িয়া সোটা-কম্বল  
জড়িয়া সন্নাসী সাজিতে হইবেন। আত্মসংযমের  
প্রকৃত অর্থ অনভীপ্তি ভোগ্য পদার্থ বা বিষয়  
হইতে মনকে স্পৃহা শূন্য করা, অর্থাৎ যে সকল  
ভোগ্য বস্তু বা বিষয় শারীরিক, মানসিক, বৈবরিক  
বা আধ্যাত্মিক উন্নতির পরিপন্থী সেই সকল পদার্থ বা  
বিষয় হইতে মনকে নিয়ন্ত্রণ করা। মন উহাদিগকে  
ইঞ্জিয়গণের সাহায্যে ভোগ করে বলিয়া, আত্মসংযম  
অর্থে ইঞ্জিয় নিগ্রহ ও বুঝায়। কিন্তু ভোগ সম্বন্ধে  
ইঞ্জিয়গণের কোন স্বাধীনতা নাই; উহারা মনের  
যত্ন মাত্র; এবং সর্বদা মনের ইচ্ছা বা প্রবৃত্তির বশেই  
পরিচালিত হইয়া থাকে। স্বতরাং অবাঙ্গনীয় ভোগ্য  
বস্তু বা বিষয় সকল হইতে মনকে নিয়ন্ত্রণ করিতে  
পারিলেই ইঞ্জিয়গণ সংযত হইয়া থাকে। জীবনে  
যে বিষয়ে যাহার উন্নতি কাম্য, ইচ্ছাশক্তি দ্বারা

তাহার মনকে সেই বিষয়ের উন্নতির পরিপন্থী বস্তু  
বা বিষয়-তোগ হইতে নিরূপ করিতে হইবে।

অতএব শারীরিক উন্নতি যাহার আকাঙ্ক্ষার  
বিষয়, আহার, নিদ্রা, টক্কিয় চালনা, পরিশম ইত্যাদি  
সম্পর্কে সে স্বাস্থ্যনীতি পালন করিয়া চলিবে। মান-  
সিক উন্নতি কাম্য হইলে শৃঙ্খলা, একাগ্রতা, আত্ম-  
বিশ্বাস, সংকলনের দৃঢ়তা, নিষ্ঠাকৃতা ইত্যাদি বৃত্তি  
গুলিকে বর্ণিত করিতে হইবে। বৈষম্যিক উন্নতিতে  
যাহার অভিলাষ, সে শ্রমশীলতা, কর্তৃব্যপ্রীতি, মিত-  
ব্যয়তা, নিষ্ঠাভিতা ইত্যাদি সৎসুণগুলি অর্জন  
করিবে এবং পরনিষ্ঠা, পরশ্চীকাত্তরতা, তিংসা, দ্বেষ,  
পরিত্যাগ করিবে ; আর আধ্যাত্মিক উন্নতি বাস্তিত  
হইলে, তাহাকে কাম, ক্ষেত্র, সোভ দমন, মিথ্যা,  
প্রবঞ্চনা, তিংসা, দ্বেষ, অঙ্কার পরিত্যাগ ও তৎসঙ্গে  
ঈশ্বর ভক্তি, দর্শা, পরোপকারিতা ইত্যাদি সৎসুত্তি  
নিচয়ের বিকাশ সাধন করিতে হইবে।

এইস্থলে প্রশ্ন হইতে পারে যে, যদি স্বাস্থ্যনীতি  
পালন না করিয়া শারীরিক উন্নতি কিম্বা আত্মসংযম  
ও চরিত্র গঠন ভিন্ন মানসিক ও আধ্যাত্মিক উন্নতি  
সম্মত না হয়, তবে আর তজ্জন্ত ইচ্ছাশক্তির সাত্ত্ব্য

গ্রহণের প্রয়োজন কি ? স্বাস্থ্যনীতি পালন করিয়া মখন সকলেই স্বাস্থ্যবান হইতে পারে এবং আত্মসংযম ও চরিত্র গঠন দ্বারা মানসিক ও আধ্যাত্মিক সমৃদ্ধি লাভ করা যায়, তখন আর উহাতে ইচ্ছাশক্তির কার্যকারিতা কি রহিল ? আমরা জানি, কুইনাইনে মালেরিয়া জ্বর সারে কিন্তু তৎসঙ্গে উপযুক্ত পথ্যাদি ও আবশ্যিক । যদি রোগী কুইনাইন সেবনের সঙ্গে কুপথ করে—অঙ্গ থায়, ঠাণ্ডা লাগায়, তবে যেমন উহা তাহার জ্বর বন্ধ করিতে পারেনা, সেইকপ ইচ্ছাশক্তি দ্বারা কোন বিষয়ের উন্নতি লাভের চেষ্টা পাইবার সঙ্গে, অভীষ্ট সিদ্ধির উপযোগী আত্মসংযম ও চরিত্র গঠন করিতে হয় ; অন্যথায় সে উন্নতি কখনও হায়ী হয় না । যে ব্যক্তি তাহার মন ইচ্ছাশক্তি বলে ভগবন্তক্রিতে নিবিষ্ট রাখিতে চাহে, সে যদি মিথ্যা-প্রবক্ষনা, জাল-জুয়াচুরি, হিংসা-ব্রেষ্ট ইত্যাদি ত্যাগ না করে ও কাম-ক্রোধ-লোভপরায়ণ হয়, তবে কি সে তাহাতে সাফল্য লাভের আশা করিতে পারে ? স্বতরাং কোন বিষয়ে উন্নতির অন্ত শুধু ইচ্ছাশক্তি প্রয়োগই যথেষ্ট নয় ; উহার সহিত উপযুক্ত আত্মসংযম এবং চরিত্র গঠনও আবশ্যিক ।

শারীরিক, মানসিক, বৈষম্যিক, আধ্যাত্মিক বিষয় সকলের মধ্যে যে বিষয়ের উন্নতি কাম্য এবং তাহা শালের নিয়ন্ত্রণে সকল মানসিক গুণের প্রয়োজন, শিক্ষার্থীকে সেই সকল গুণ অর্জন করিতে হইবে এবং তৎসঙ্গে উদ্দেশ্য সিদ্ধির পরিপন্থী চরিত্রগত যাবতীয় দোষও পরিহার করিতে হইবে। সকল মানুষেরই অন্নাধিক পরিমাণে চরিত্র ও দোষ বা ক্রটি আছে। এই সকল দোষ বা ক্রটির মধ্যে যে গুলি তাহার অভীষ্ট সিদ্ধির প্রতিকূল, সে উহাদিগকে সম্পূর্ণরূপে বিদূরিত করিবে। উহাদের মধ্যে আবার যে গুলির গুরুত্ব সর্বাপেক্ষা বেশী, সেই গুলিকে সর্বাগ্রে দূরীভূত করিতে হইবে। দেহের মধ্যে একাধিক রোগ থাকিলে যেমন প্রথমে প্রবল রোগটিকেই আরোগ্য করিতে হয়, সেইরূপ আত্মসংঘর্ষ এবং চরিত্র গঠনেও অগ্রে গুরুদোষ গুলিকেই সংশোধন করা আবশ্যিক হইয়া থাকে।

## ষষ্ঠ অধ্যায়

### ইচ্ছাশক্তি বলে শারীরিক ও মানসিক উন্নতি সাধন।

ইচ্ছাশক্তি বলে অপরের মন বশীভৃত কিংবা নিজের  
বৈষয়িক বা আধ্যাত্মিক সম্মতি লাভের চেষ্টা পাইবার  
পূর্বে, শিক্ষার্থী তাহার শারীরিক ও মানসিক  
উন্নতির জন্য যত্নবান হইবে। শারীরিক ও মানসিক  
উন্নতি অর্থে শরীর ও মনের স্ফুর্তা ও সবলতা  
উপলক্ষ্য হয়। উহাদের স্ফুর্তার উপরই তাহার  
এই শক্তি সাধনার সামর্থ্য সম্পূর্ণরূপে নির্ভর করে।  
এই উন্নতি তাহাকে আত্মসংঘর্ষের ভিতর দিয়া সাধন  
করিতে হইবে। সে ইচ্ছাশক্তি প্রয়োগের সঙ্গে  
আত্মসংঘর্ষ ও স্বাস্থ্যনীতি পালন করিয়া তাহার শরীর  
ও মনের সম্পূর্ণ স্ফুর্তা ও সবলতা লাভে সমর্থ হইবে।

প্রথম তাহাকে দেখিতে হইবে যে, তাহার শরীর  
কিংবা মনে কোন রোগ আছে কি না। যদি না  
থাকে,—উভয় ; আর থাকিলে সর্বাঙ্গে তাহা  
আরোগ্যের চেষ্টা পাইবে। শরীরের সহিত মনের

অত্যন্ত নিকট সম্ভব। শরীর কঁপ হইলে মন ভাল লাগে না ; আবার মনে রোগ থাকিলেও শরীরে শুধু বোধ হয় না। সুতরাং তাহার শরীর ও মন যাহাই পীড়িত হউক, তাহাই এই শক্তি চর্চার অন্তর্বার। এজন্ত তাহাকে সর্বাঙ্গে রোগ মৃক্ষ হইতে হইবে। আর কোন পীড়া না থাকিলে স্বাস্থ্যান্তরির অন্ত শক্তি প্রয়োগ করিতে হইবে।

রোগারোগ্যের উদ্দেশ্যে ইচ্ছাশক্তি প্রয়োগ করিবার পূর্বে, কি কারণে রোগ হয়, তাহা অবগত হওয়া একান্ত প্রয়োজন। যেহেতু রোগোৎপত্তির কারণ সম্বন্ধে কোন জ্ঞান না থাকিলে চিকিৎসা চলে না। উহার কারণ দুইটি,—“বাহু” (Objective) ও “আভ্যন্তরীণ” (Subjective); শারীরধর্ম বা স্বাস্থ্যনীতির বিকল্পাচার রোগের “বাহু কারণ”, আর অনিষ্টকর মনোবৃত্তি সমূহের অসংযত প্রয়োগ ও অতিকর চিকিৎসা, কল্পনা ইত্যাদি উহার “আভ্যন্তরীণ কারণ”। শরীর ও মনের যাবতীয় রোগই এই দুই কারণ হইতে উৎপন্ন হইয়া থাকে। আমরা জানি, স্বাস্থ্য রক্ষার নিমিত্ত পুষ্টিকর আহার্য, বিশুদ্ধ পানীয়, শীতাতপ হইতে দেহ রক্ষার অন্ত উপযুক্ত বস্তাদি,

সংযমের সহিত ইন্দ্রিয় চালন, পরিমিত শ্রম ও নিজী  
আবশ্যক এবং তৎসঙ্গে কাষ-কর্ম, চলা-ফেরা  
ইত্যাদির নিমিত্ত কতকগুলি সদভ্যাসের (well  
regulated good habits) প্রয়োজন। উহাদের  
অভাব হইলে যেমন স্বাস্থ্য ভঙ্গ হয়, সেইরূপ কাম,  
ক্রোধ, লোভ, হিংসা, ব্রেষ ইত্যাদি মনোবৃত্তিগুলির  
অসংজ্ঞত ও অসংযত ব্যবহার কিম্বা নিজের বা অপরের  
সহকে অনিষ্টকর চিন্তা দ্বারাও দেহ ও মনে নানা-  
প্রকার ব্যাধি উৎপন্ন হইয়া থাকে। বাহু কারণ স্ফুল-  
ভাবে শরীরে আর আভ্যন্তরীণ কারণ স্ফুলভাবে মনের  
ভিতর কার্য্য করে। এজন্য বাহু কারণটাই সহজে  
উপলব্ধি হয়। কিন্তু আভ্যন্তরীণ কারণই রোগের  
মূল হেতু। সকল রোগই অগ্রে মনের ভিতরে  
উৎপাদিত হইয়া পরে শরীরে প্রকাশ পায়। কোন  
রোগের অভ্যন্তরীণ কারণ জন্মিলে, মনের ভিতর  
স্ফুলভাবে উহার ক্রিয়া চলিতে থাকে, পরে যথন  
শারীর ধর্মের কোনরূপ বিরুদ্ধাচার হয়, তখন উহা  
উত্তেজনা পাইয়া শরীরে প্রকাশিত হইয়া পড়ে।  
এক বয়সের ও একরূপ ধাতু-প্রকৃতির হই ব্যক্তি  
একত্রে দুই ঘণ্টা বৃষ্টিতে ভিজিল; উহাতে এক

জনের সর্দি-জ্বর হইল, অবশেষে সে ডবল নিমুনিয়ায় আক্রান্ত হইয়া মরণাপন হইল ; কিন্তু অপর ব্যক্তির তাহাতে কিছুই হইল না । তাহার কারণ প্রথম ব্যক্তির মধ্যে উক্ত রোগের আভ্যন্তরীণ কারণ পূর্বেই উৎপাদিত হইয়া তাহার মনের মধ্যে স্থস্থভাবে ক্রিয়া করিতেছিল ; জলে ভিজার দক্ষণ শারীর ধর্শের বিরুদ্ধাচার হওয়াতে উহা উভেজিত হইয়া বাহিরে প্রকাশ হইয়া পড়িল । আর দ্বিতীয় ব্যক্তির তাহা হয় নাই বলিয়া, তাহার শরীরে কোন রোগ জন্মিতে পারিল না ।

অতএব যাবতীয় রোগের উৎপত্তি প্রথম হয় মনে এবং পরে উহা প্রকাশ পায় শরীরে । মানুষ নিজেই জ্ঞাত বা অজ্ঞাত চিন্তা বা কর্ম দ্বারা উহার কারণ উৎপাদন করিয়া থাকে । সুতরাং মনই উহার সৃষ্টি-কর্তা । মন যেমন উহা সৃষ্টি করে, তেমনি আবার নাশও করিতে পারে । এজন্য মনকে ইচ্ছাশক্তির আয়ত্তাধীন করিতে পারিলেই যাবতীয় রোগের কারণ দূরীভূত করা যায় । যে ব্যক্তি উক্ত অহিত-কর বৃত্তিসমূহকে যথোপযুক্তরূপে সংবর্ত রাখিয়া ঠিক ভাবে স্বাস্থ্যনীতি পালন পূর্বক জীবন ধাপনে অভ্যন্ত

হইবে, তাহার মন হইতে যাবতীয় রোগের কারণ চিরকালের নিমিত্ত নির্বাসিত হইবে।

কাম, ক্রোধ, লোভ, কিংসা, হ্রেষ, পরশ্রীকাতরতা, অহঙ্কার, অহিতকর চিন্তা ইত্যাদিই যাবতীয় রোগোৎপত্তির আভ্যন্তরীণ হেতু। কেবল তাহাই নয়, তাহার জীবনের শোক, দুঃখ, অকৃতকার্য্যতা ইত্যাদিও উহাদের হারাই উৎপাদিত হইয়া থাকে। স্বতরাং আত্মসংযম দ্বারা উহাদিগকে উপযুক্ত পরিমাণে দমন বা সংযত করিতে পারিলে সর্বপ্রকার দুঃখের কবল হইতে মুক্তি লাভ করা যায়। কিন্তু উহারা মনের স্বাভাবিক বৃত্তি বলিয়া মানুষ মাত্রই অল্পাধিক পরিমাণে উহাদের বশীভৃত ; স্বতরাং উহাদিগকে সম্পূর্ণরূপে দমন করা কখনও সম্ভবপর নয়। অধিকস্তু স্বীয় জীবন, ধর্ম ও সমাজ রক্ষণার নিমিত্ত সদবৃত্তি সমূহের গ্রায়, অপরিহার্যরূপে উহাদের ব্যবহার বা প্রয়োগ ও আবশ্যিক হইয়া থাকে। মানুষ যতক্ষণ এই বৃত্তি-নিচয়ের সঙ্গত ও সংযত প্রয়োগ করে, ততক্ষণ উহা দৃশ্য নয় ; কিন্তু যখন ধর্ম বা সমাজনীতির বিরুদ্ধে যদৃচ্ছরূপে প্রযুক্ত হয়, তখনই উহারা তাহার সকল রকম অনিষ্টের কারণ হইয়া দাঢ়ায়। স্বী-পুরুষ-

সংযোগে জগতে যে বিরাট শৃষ্টি-কার্য সম্পাদিত হইতেছে, উহার মূলে কাম ; কিন্তু এই কাম প্রবৃত্তিই আবার মানুষকে পশ্চতে পরিণত করে এবং তাহার শারীরিক, মানসিক, নৈতিক ও আধ্যাত্মিক অবনতির পথ প্রশস্ত করিয়া দেয় । যখন কোন কামাঙ্ক সোক সতী রমণীর ধর্মনাশে উদ্ভৃত হয়, তখন সে স্থলে উপস্থিত তৃতীয় ব্যক্তির ক্ষেত্রে হিংসার উপযুক্ত প্রয়োগ তাহার মনুষ্যত্ব, ধর্ম ও সমাজ রক্ষক হইয়া থাকে । পক্ষান্তরে এই ক্ষেত্রে ও হিংসার যদৃচ্ছ প্রয়োগে কেহ অভ্যন্ত থাকিলে তাহার মনুষ্য নাম কলাক্ষিত হইয়া থাকে । সেইরূপ হ্যায়সঙ্গত লোভ, যাহা উচ্চাকাঞ্চা বলিয়া কথিত, তাহা হইতে জীবনের উন্নতি লাভ, আর অন্তায় লোভের ফলে নানা বিষয়ে দুঃখ ও অশাস্ত্র ভোগ হয়, এমনকি উহা হইতে তাহার মৃত্যু পর্যন্ত ঘটিতে পারে ।

কাম প্রবৃত্তির অসঙ্গত ও অসংযত প্রয়োগের ফলে মনুষ্য-দেহে নানা প্রকার রোগ সঞ্চার হয় । অভ্যন্ত ইতিহাসবায়ণ ব্যক্তিরা যে সর্বদা অমনো-যোগীতা, শুভি ও একাগ্রতাশক্তি-হীনতা, উপদংশ, প্রমেষ, আয়ুর্বিক দৌর্বল্য, রক্ত ছষ্টি, বাতব্যাধি,

অবশাঙ্গ ইত্যাদি কঠিন ব্যাধি কর্তৃক আক্রান্ত হয়, তাহা সর্বজন বিদিত । ফলতঃ ব্যভিচারাসন্ত লোকদের মধ্যে এমন একটি লোকও দেখা যায় না, যে এই সকল পীড়ার কবল হইতে সম্পূর্ণরূপে মুক্ত আছে ।

ছৃঙ্গাগ্র বশতঃ আমাদের দেশে কিশোর ও যুবক-গণের ব্রহ্মচর্য শিক্ষার কোন ব্যবস্থা না পাকাতে তাহারা কুসংসর্গে মিশিয়া অস্বাভাবিক উপায়ে ইঞ্জিয় চালনা ( হস্ত-মেথুনাদি ) শিক্ষা করিয়া থাকে । দেশের ভবিষ্যৎ আশার স্থল অপরিণামদৰ্শী এই কিশোর ও যুবকগণ ক্ষণিক ইঞ্জিয় তৃপ্তির লালসায় এই জঘন্ত অভ্যাস কর্তৃক একান্ত হইয়া চিরকালের নিয়িত তাহাদের অমূল্য স্বাস্থ্য ও অতুল মানসিক সম্পদ নষ্ট করিয়া ফেলে । এই কুৎসিত অভ্যাসে কিছু কাল রত থাকিলেই উহার বিষময় প্রতিক্রিয়া স্বরূপ নানা প্রকার জটিল ব্যাধি উৎপাদিত হইয়া থাকে ; যথা,—শুক্রতারল্য স্বপ্নদোষ, প্রমেহ, অম্ল, কোঠ কাঠিণ্য, পুরুষত্বহানি, শিরঃপীড়া, দৃষ্টিহীনতা ইত্যাদি । দীর্ঘকাল মেণ্টেল হিলিং ( Mental Healing ) এর ব্যবসায়ে নিযুক্ত থাকায় আমার যে

অভিজ্ঞতা হইয়াছে, তাহা হইতে ইহা নিশ্চিতকৃপে  
বলা যাইতে পারে যে, এই মহা অনিষ্টকর মানসিক  
ব্যাধির দ্বারা সমগ্র দেশের শতকরা ৯৫জনেরও অধিক  
কিশোর ও যুবক প্রবল ভাবে আক্রান্ত হইয়াছে।  
এই কুক্রিয়ায় একবার আসক্ত হইয়া পড়িলে পরিণত  
বয়সেও উহার কবল হইতে মুক্তি লাভ করা যায় না।  
সর্বাপেক্ষা আশ্চর্যের বিষয় এই যে, আমার পরিচিত  
প্রায় ৪৫বৎসর বয়স্ক কোন এক শিক্ষিত প্রৌঢ় ব্যক্তি  
যৌবনের এই ঘৃণিত অভ্যাস অস্তাপি ও পরিত্যাগ  
করিতে সক্ষম হয় নাই।

যে ব্যক্তি দুর্ভাগ্যজন্মে এই ঘৃণিত অভ্যাস কর্তৃক  
আক্রান্ত হইয়াছে, তাহাকে অনতিবিলম্বে উহার  
কবল হইতে মুক্তি লাভ করিতে হইবে ; অন্তর্গত  
তাহার জীবনে কোন প্রকার উন্নতির আশা  
নাই। তাহার অন্ত কোন রোগ থাকিলেও,  
সে প্রথমে উহারই সুলোচ্ছেদ করিতে যত্নবান  
হইবে। বহু রোগ এই অস্ত্র অভাসের ফলে  
জনিয়া থাকে ; স্বতরাং উহাকে দুরীভূত করিতে  
পারিলেই অনেক রোগ স্বতঃই আরোগ্য হইয়া  
যাইবে।

ক্রোধ মহুষ্যের পরম শক্তি। কারণ এই বৃত্তি তাহার তিতাহিত জ্ঞান হরণ করিয়া তাহার দ্বারা সময় সময় অতিশয় গভীর কার্য সম্পাদন করিয়া থাকে। অধিক ক্রোধের ফলে ইত্যা, আত্মহত্যা, ব্যভিচার, অপহরণ ইত্যাদি যাবতীয় দুষ্কর্ম সম্পাদিত হয়। ক্রোধে আযু ক্ষয় হয় এবং ক্রোধী ব্যক্তিরা জীবনে কদাচিত্ত সুখ-শান্তির অধিকারী হয়। তাহাদিগকে প্রায়ই জ্বর, অজৌর, অগ্নিমালা, অনিদ্রা, মুচ্ছা, সংস্থাস, অবশাঙ্গ ইত্যাদি নানা প্রকার কঠিন ব্যাধি কর্তৃক আক্রান্ত হইতে দেখা যায়।

যাবতীয় ইঙ্গিয় ভোগ্য বস্তু বা বিষয়ের সহিতই লোভের সম্বন্ধ বর্তমান ; এজন্ত এই বৃত্তির ব্যাপকতা সর্বাপেক্ষা বেশী। শান্তকারণ লোভকে ক্রোধের জননী বলিয়া নির্দেশ করিয়াছেন। অপরের কোন প্রকার ক্ষতি না করিয়া নিজের জীবনের উন্নতির জন্ত লোভ বা উচ্চাকাঙ্গা নিন্দনীয় নহে। প্রয়োজনের অতিরিক্ত বেশী খাওয়া, বেশী পরা, বা অধিক ইঙ্গিয়সেবার লোভই শরীর ও মনের সমূহ হানিকর। অধিক লোভের ফলে মানসিক উদ্বেগ, অসন্তোষ, মনঃকষ্ট ইত্যাদি ভোগ হইয়া থাকে এবং

লোভী ব্যক্তিরা প্রায়ই অগ্নিমান্দ্য, অজীর্ণ, অম্ল, শূল, অশ্র, ভগন্দর ইত্যাদি দুর্বারোগ্য রোগ কর্তৃক আক্রান্ত হইয়া থাকে।

হিংসা, ব্রেষ, অহঙ্কার, পরাণীকাতরতা, পরনিন্দা, ভয় ইত্যাদি হইতেও নানা প্রকার ব্যাধি উৎপন্ন হয় এবং শোক, দুঃখ অশাস্তি, অকৃতকার্যতা ইত্যাদি তোগ হইয়া থাকে। এই সকল বৃত্তির মধ্যে কামই সর্ব প্রধান অনিষ্টকারী ; স্বতরাং স্বাস্থ্য লাভাকাঙ্গী প্রথমেই এই রিপু সংযমের নিমিত্ত শক্তি প্রয়োগ করিবে। তৎপরে সে ক্রোধ, লোভ, হিংসা ইত্যাদি বৃত্তিগুলিকে দমন করিবার জন্য যত্নবান হইবে।

শিক্ষার্থী এই দুরন্ত মনোবৃত্তি গুলিকে সংযমের সঙ্গে রোগোৎপত্তির বাহ্যকারণ দূরীকরণার্থ যথাযথক্রমে স্বাস্থ্যনীতি পালন করিয়া চলিবে ; অত্থায় তাহার শারীরিক ও মানসিক উন্নতির প্রয়াস সফল হইবে না। স্বাস্থ্যনীতি পালন সকলের পক্ষে একক্রম ব্যবস্থ্যায় নয়। ধাতু-প্রকৃতির প্রভেদানুসারে ভিন্ন ভিন্ন লোকের বিভিন্ন ক্লপে এই নীতি পালন করিতে হয়। এজন্য সে তাহার বয়স, ধাতু, প্রকৃতি ইত্যাদি বিবেচনা পূর্বক কিন্তু তাবে ইহা পালন করা

সমীচীন হইবে, তাহা স্থির করিয়া লইবে। যদি সে নিজে তাহা স্থির করিতে না পারে, তবে কোন বিজ্ঞ স্বাস্থ্যনীতিবিদের পরামর্শ গ্রহণ করিয়া তদন্তসারে আহার-বিহার, চলা-ফেরা, কাষ-কর্ম ইত্যাদি করিতে অভ্যাস করিবে।

### কাম সংযমের উপায়।

#### প্রথম অনুশীলন।

“আমি আর অস্বাভাবিক উপায়ে ইঞ্জিয় চালনা করিব না। আমি আর কখনও ইন্ডোরে করিব না। এই ঘণিত অভ্যাসকে আমি চিরকালের নিমিত্ত বিদূরিত করিব। আমার শরীর ও মনের ঘোর অনিষ্টকারী, আমার পরম শক্তি এই জগতে অভ্যাসকে আমি যাবজ্জীবনের নিমিত্ত সম্মুখে উৎপাটিত করিতে কৃতসংকল্প হইলাম।”

#### দ্বিতীয় অনুশীলন।

“এই কুৎসিত কাম লালসাকে আমি আর কখনও প্রশংস্য দিবনা; আমি আজ হইতেই উহা ঘৃণার সহিত পরিত্যাগ করিব। আমি আর উহার

দাসত্ব শূঝলে আবক্ষ থাকিব না। আমি এই  
প্রবৃত্তিকে আমার প্রথর ইচ্ছাশক্তি দ্বারা সম্পূর্ণরূপে  
দমন করিব। আমি কিছুতেই এই সংকল্পচূড়াত  
হইব না।”

### তৃতীয় অনুশীলন।

“আমি স্তুলোকদিগকে মাতৃবৎ জ্ঞান করিব এবং  
তাহাদের পামে কথনও মুখ তুলিয়া তাকাইব না।  
তাহারা সকলেই আমার জননী-স্বরূপ। এইজন্য  
তাহাদের দর্শন বা স্পর্শ, আগ্রহ বা নিহিত কোন  
অবস্থাতেই আমার কামেন্দ্রিয় উভেজিত হইবে না।  
আমি স্বপ্নেও মাতৃভাব ব্যতীত অন্তর্ভাবে কোন  
স্তুলোক দর্শন করিব না। স্বতরাং নির্দাবস্থায়  
কথনও আমার শুক্র স্থলন হইবে না।”

### চতুর্থ অনুশীলন।

“আমি সর্বপ্রকার কাম চিন্তা পরিহার করিয়াছি,  
নারীগণকে মাতৃবৎ চিন্তা করিতে আবশ্য করিয়াছি;  
এই স্বাধীনত অভ্যাস সম্পূর্ণরূপে পরিভ্যাগ করিয়াছি  
এবং যথানিয়মে স্বাস্থ্যনীতি পালন করিতেছি।

স্বতরাং এই কুঅভ্যাসের ফলে আমার শরীর ও মনের  
যে অপচয় ঘটিয়াছে, তাহা সত্ত্বরই পূরণ হইবে।  
আমার স্বাস্থ্য আবার ফিরিয়া আসিবে এবং  
আমার শৃঙ্খল, মেধা, ধারণা, সাহস, বল, শুর্ণি ইত্যাদি  
আবার আমার শরীর ও মনে ফিরিয়া আসিয়া  
আমাকে নৃতন জীবন দান করিবে।”

### পঞ্চম অনুশীলন।

“আমার শরীর ও মনে এখন আর কোন রোগ  
নাই। শারীরিক ও মানসিক উভয় প্রকার রোগ  
হইতেই আমি এখন সম্পূর্ণরূপে মুক্তিলাভ করিয়াছি।  
এখন আমি পাপমুক্ত, রোগমুক্ত, স্বাস্থ্যমুক্ত ও  
সান্ত্বিত্বাত্ত্ব। আমার ইচ্ছাশক্তি অত্যন্ত প্রথম।”

এই অনুশীলন গুলি পাঁচ টুকুরা সাদা কাগজে  
স্বতন্ত্র ভাবে লিখিয়া লইবে। তৎপরে প্রথম  
অনুশীলনটি পূর্বোক্ত নিয়মে ২৩ দিন আবৃত্তি  
করণাত্ত্বর ঐ ভাবগুলি সহয়ে দৃঢ়রূপে অক্ষিত  
হওয়ার পর, দ্বিতীয় অনুশীলনটি অভ্যাস করিবে।  
এইরূপে একটি একটি করিয়া সরঞ্জালি অনুশীলন  
অভ্যাস করিবে। যথাযথরূপে অভ্যাস করিতে পারিলে

মে অনুশীলনটি শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই এই  
কুক্রিয়াসক্তি সম্পূর্ণরূপে বিদূরিত হইয়া যাইবে।  
যদি তাহা না হয়, তবে উহাদিগকে পুনরায় প্রথম  
হইতে আরম্ভ করিয়া অভ্যাস করিবে এবং যে পর্যন্ত  
বাহ্যিত ফল লাভ না হয়, ততদিন ধৈর্যের সহিত  
উহাতে দৃঢ় সংলগ্ন হইয়া থাকিবে।

### ক্রোধ সংযমের উপায়।

#### ষষ্ঠ অনুশীলন।

“আমি আজ হইতে আমার ক্রোধ সংযম করিতে  
দৃঢ় সংকল্প করিলাম। আমি আর এই অনিষ্টকর  
বৃত্তিকে আমার মনের উপর আধিপত্য করিতে দিব  
না। আমি সর্বদা আমার মাথা ঠাণ্ডা রাখিব এবং  
কোন অবঙ্গাতেই উহাকে উত্তেজিত হইতে দিব না।  
আমি আর কখনও ক্রোধের বশীভূত হইব না—কিছু-  
তেই হইব না। আমি এই বৃত্তিকে অবগ্নি সংযত  
করিব,—নিশ্চয়ই দমন করিব এবং উহার উপর  
আমার প্রভুত্ব স্থাপন করিব। আমার ইচ্ছাশক্তি  
অভ্যন্ত প্রথর এবং আমি এই শক্তি ধারাই উহাকে  
চিরকাল আয়ত্তাধীন রাখিব।

এই অনুশীলনটি অভ্যাস করিবার সঙ্গে শিক্ষার্থী  
উক্ত উপদেশগুলিকেও কার্যতঃ প্রতিপালন করিতে  
যত্নবান থাকিবে। যখন কোন বিষয়ে ক্রোধের  
যথার্থ কারণ উপস্থিত হইবে, তখন অত্যন্ত সংযত  
ভাবে অল্প কথায় নিজের অভিযত ব্যক্ত করিয়া  
তৎক্ষণাত্মে সেইস্থান পরিত্যাগ করিবে এবং ক্রোধ  
সম্পূর্ণরূপে শান্ত না হওয়া পর্যন্ত পুনঃ পুনঃ দৃঢ়তার  
সহিত আদেশ-মন্ত্রটি আবৃত্তি করিবে। ক্রোধের  
বশে কথনও নিজেকে চালিত করিবে ন। এবং অপর  
কাহাকেও পরিচালিত করিবার চেষ্টা করিবে ন।  
ইহা সর্বদাই মনে রাখিবে যে, ক্রোধ দ্বারা কাহারও  
মনে একটা সাময়িক আতঙ্ক সঞ্চার করিতে পারা  
গেলেও, তাহার মনের উপর আবিষ্পত্য করা যায় ন।  
অধিক ক্রোধের ফলে মন ও শরীরের যেমন শুক্রতর  
হানি হয়, তেমন আর কিছুতেই হয় ন। নিজের  
চরিত্রগত কোন দোষ বা ক্রটি থাকিলে, অথবা  
কোন বিষয়ে অক্ষমতার দক্ষণ নিজের উপর  
অল্প মাত্রায় রাগ করা যাইতে পারে; কিন্তু  
কথন কোন অবস্থাতেই বেশী ক্রোধের বশীভূত  
হইবে ন।

শিক্ষার্থী এক টুকুরা কাগজে এই অঙ্গীলনটি লিখিয়া লইয়া পূর্বের স্থায় অভ্যাস করিবে এবং উহার সহিত কথিত উপদেশগুলি পালন করিয়া চলিবে। যে পর্যন্ত এই মনোবৃত্তি সম্যক্করণে তাহার বশীভৃত না হয়, ততদিন সে ইহা নির্মিতরূপে অভ্যাস করিতে পারিবে।

ক্রোধ সংযত হওয়ার পর লোভ, হিংসা, দ্রো, ভয় ইত্যাদি অনিষ্টকর বৃত্তিগুলিকে একটি একটি করিয়া দমন করিবার প্রয়োগ পাইবে; তজ্জন্ম সে উক্ত নমুনার অনুকূল উপযুক্ত আদেশ-মন্ত্রসকল মনোনৌত করিয়া কার্য্য করিবে।

এই দুই মনোবৃত্তি সমূহের মধ্যে তাহার হৃদয়ে যে বৃত্তিটি বেশী প্রবল, অগ্রে উহাকেই আয়ত্তাধীন করিবে। অনন্তর অপর বৃত্তিগুলিকে দমন করিয়া রোগোৎপত্তির আভ্যন্তরীণ কারণ, আর যথোপযুক্ত-রূপে স্বাস্থ্যনৌতি পালন করিয়া উহার বাহ্য কারণ বিদূরিত করিবে। এতস্যতীত সম্পূর্ণরূপে নিরোগী পাকাৰ অন্ত কোন সহজ পথা নাই।

শিক্ষার্থী উক্ত মনোবৃত্তিগুলিকে দমন করিয়া কৃতকার্য্যতা লাভ করিবার পর, নিম্নোক্ত অঙ্গীলন-

টিকে পূর্বোক্ত নিয়মে কিছুদিন অভ্যাস করিবে ;  
ইহা দ্বারা সে তাহার স্বাস্থ্য চিরকাল অটুট রাখিতে  
পারিবে । সে উক্ত উপায়ে রোগের আভাস্তরীণ ও  
বাহ্য কারণ দূর করিতে পারিলে, তাহার শরীর ও  
মনে কথন ও কোন রোগ জন্মিতে পারিবে না ;  
তথাপি যদি তাহার কথন কোনরূপ অসুস্থতা বোধ  
হয়, তবে নিয়োক্ত অনুশীলনটি কয়েকবার অভ্যাস  
করিলেই উহা সম্পূর্ণরূপে আরোগ্য হইয়া যাইবে ।

### সপ্তম অনুশীলন ।

“আমি অনিষ্টকর বৃক্ষিগুলিকে সংযত করিয়া  
সকল রোগের আভাস্তরীণ কারণ এবং স্বাস্থ্যানীতি  
পালন করিয়া উহাদের বাহ্য কারণ সম্পূর্ণরূপে বিদূরিত  
করিয়াছি সুতরাং আমার মন কিঞ্চিৎ শরীরে কিছুতেই  
কোন রোগ আক্রমণ করিতে পারে না । আমার  
ইচ্ছাশক্তি দ্বারা সুরক্ষিত এই দেহ-হৃর্গে ডিলার্ডের জন্য  
ও কোন রোগের স্থান নাই । আমার শরীর ও মন  
হইতে ধাবতীয় ব্যাধিই চিরকালের নিমিত্ত নির্কাসিত  
হইয়াছে, আমি এখন পাপ মুক্ত ও রোগ মুক্ত

## ইচ্ছাশক্তি

৫২

আমার শরীর ও মন সম্পূর্ণরূপে শুস্থ ও সবল এবং  
আমার ইচ্ছাশক্তি অত্যন্ত প্রথর”।

আলশ্ব, ভয়, অমনোযোগ, দীর্ঘস্থুত্রতা, একজ্ঞায়িতা,  
অবাধ্যতা, চৌর্য প্রবৃত্তি, ব্যভিচার পরামরণতা, সর্ব-  
প্রেকার মাদক দ্রব্য সেবন স্পৃহা, তোতলামি ইত্যাদি  
যাবতীয় দোষ মানসিক উন্নতির পরিপন্থী। শিক্ষার্থীর  
চরিত্রে অল্পাধিক পরিমাণে এই সকল দোষ দৰ্জমান  
থাকিলে ( প্রত্যেক মনুষ্যেরই শেন না কোন দোষ  
আছে ) সে উহাদিগকে বিদূরিত করিয়া উহাদের  
স্থানে বিপরীত সৎসুণ সকল প্রতিষ্ঠা করিবে।  
যেমন আলশ্বের স্থলে শ্রমশীলতা ও কর্মপ্রীতি,  
অমনোযোগের স্থলে মনোযোগ বা একাগ্রতা, দীর্ঘ-  
স্থুত্রতার স্থলে ঠিক সময়ে কার্য করার অভ্যাস,  
কর্তব্যাবহেলার স্থলে কর্তব্যানুরাগ, ভয়ের স্থলে  
সৎসাহস ইত্যাদি। শুভ্রি, ধারণা, একাগ্রতা, আত্ম-  
প্রত্যয়, সংকলনের দৃঢ়তা, অধ্যবসায়, ধৈর্য, সত্যবাদিতা,  
দয়া, দাঙ্কণ্য, পরোপকারিতা, শ্রদ্ধা, ভক্তি, প্রেম  
ইত্যাদি বৃত্তি এবং কবিতা-শক্তি, রচনা-শক্তি, বক্তৃতা-  
শক্তি ইত্যাদি বিকাশ দ্বারা মানসিক সম্পদ বৃদ্ধি হয়।  
শিক্ষার্থী এই সকলের কোন বৃত্তি বা শক্তি বর্ণনের

অভিলাষী হইলে, সে তজ্জন্ত ইচ্ছাশক্তি প্রয়োগ করিবে এবং উহার সহিত কথিত প্রণালীতে নিম্নোক্ত নমুনাৰ অনুকূল উপযুক্ত আদেশ-মন্ত্র অনুশীলন করিবে।

শুভিশক্তি বৰ্ধনেৰ জন্য এইকূপ আদেশ-মন্ত্ৰ মনোনীত কৱিবে ; যথা—“আমাৰ শুৱণ-শক্তি প্ৰথৰ, আমি যাহা পড়িব তাৰাই আমাৰ শুভি-পটে গভীৰ-কৃপে অঙ্গিত হইয়া থাকিবে। পড়িবাৰ সময় পাঠ্য বিষয়ে আমাৰ থুব মনোনিবেশ হইবে,— মুহূৰ্তেৰ জন্যও মন অন্ত কোন বিষয়ে আকৃষ্ট হইবে না। পাঠ্য বিষয়গুলি আমাৰ মন্তিক্ষে অত্যন্ত দৃঢ়কৃপে অঙ্গিত হইয়া থাকিবে এবং আমি ইচ্ছা মাত্ৰ উহাদিগকে শুৱণ কৱিতে সমৰ্থ হইব। আমাৰ শুভি-শক্তি দিন দিন প্ৰথৰ হইতে প্ৰথৰতৰ হইতে থাকিবে।

শুভি মনোযোগেৰ উপৰ নিৰ্ভৱ কৱে। পড়িবাৰ সময় পাঠ্য বিষয়েৰ প্ৰতি মন যত অধিক পৱিমাণে আকৃষ্ট থাকিবে, সেই বিষয়েৰ শুভি ও তত প্ৰথৰ হইবে। পড়িবে অল্প ; কিন্তু যাহা পড়িবে তাৰা থুব মনোযোগেৰ সহিত পড়িবে এবং পাঠ শেষ না হওয়া

পর্যন্ত ইচ্ছাশক্তি বলে মনকে পাঠ্য বিষয়ের প্রতি  
দৃঢ় সংলগ্ন রাখিবে।

অলস স্বভাব দূর করিবার জন্য নিম্নোক্তুরপ  
আদেশ মন্ত্র অভ্যাস করিবে। যথা—আমি আব-  
শুকীয় কাব্যে আর কথনও আলন্ত করিব না ; যাহা  
আমার কর্তব্য এবং যথন যে কায় করা দরকার,  
আমি তখনই তাহা প্রফুল্লময়ে উৎসাহের সহিত  
সম্পাদন করিব। আমি আর কথন কোন  
কর্তব্য কর্মকে—তাহা যতই কঠিন হউক—তয়  
করিব না। আমি আজ হইতেই আলঙ্গের দাসত্ব  
শূঙ্গল ছিপ করিয়া শ্রমণীল ও ক্ষমপ্রিয় হইব।”

আত্ম-বিশ্বাস লাভের নিমিত্ত এইরূপ আদেশ-মন্ত্র  
অভ্যাস করিবে, “আমি আজ হইতে আমার শক্তির  
প্রতি সমধিক পরিমাণে আস্থাবান হইব, আমার  
হৃদয়ে ভগবদ্ভূত যে শক্তি নিয়ত বিদ্যমান  
আছে, তাহার পরিমাণ অফুরন্ত ও কার্যকারিতা  
অপ্রতিহত। আমি উহা ধারা যাবতীয় অভৌতিক  
কার্যেই সিদ্ধিলাভ করিতে সমর্থ। এই মহাশক্তির  
প্রতি আমার বিশ্বাস দিন দিন অধিকতর পরিমাণে  
বর্ধিত হইবে।

রচনা-শক্তি বর্দ্ধিত করিতে নিম্নোক্তরূপ আদেশ-মন্ত্র মনোনীত করিবে। “আজ হইতে আমাৰ রচনা-শক্তি বৃদ্ধি পাইতে থাকিবে। আমি প্রতি দিনই নানা বিষয়ে উৎকৃষ্ট প্ৰবন্ধাদি লিখিতে সমৰ্থ হইব। আমাৰ রচনা দিন দিন উৎকৃষ্ট হইতে উৎকৃষ্টতাৰ হইবে” ইত্যাদি।

## সপ্তম অধ্যায়

ইচ্ছাশক্তি বলে বৈষম্যিক উন্নতি সাধন ।

শারীরিক ও মানসিক উন্নতি সাধন করিয়া কৃতকার্য্য হওয়ার পর, শিক্ষার্থী তাহার ইচ্ছাশক্তিকে বৈষম্যিক শৈবুদ্ধির নিয়িন্ত নিয়োগ করিবে। পার্থিব সমৃদ্ধিতে যাহার স্পৃহা নাই, সে এই বিষয় পরিত্যাগ করিয়া আধ্যাত্মিক উন্নতির চেষ্টা পাইতে পারে; কিন্তু যে সংসারসম্ভু ও অভাবগ্রস্ত, বৈষম্যিক উন্নতি তাহার সর্বাপেক্ষা অধিক প্রয়োজনীয়। ধন, সম্পদ, পদ, ঘর্যাদা, মশঃ—এক কথায়, পার্থিব সমৃদ্ধি বলিলে যাহা বুবায়,—সমস্তই ইচ্ছাশক্তি বলে সাত করা যাইতে পারে। সংসারে কেহ ধনের, কেহ সম্পত্তির, কেহ উচ্চ পদের আবার কেহবা ঘণ্টের কামনা করে। এই সকলের মধ্যে যাহার যে বস্তু কাম্য, সে উহার অগ্রহ শক্তি প্রয়োগ করিবে, আর যে একাধিক বস্তু

প্রাপ্তির আকাঙ্ক্ষা করে, সে উহাদিগকে একটি একটি করিয়া লাভের চেষ্টা পাইবে। উন্নতি লাভকাঞ্জী অগ্রে তাহার আদর্শ স্থির করিয়া, অর্থাৎ সে বাহ্যিক বস্তুটিকে যে পরিমাণে লাভ করিতে চায়, তাহা পূর্বে স্থির করিয়া সাধনায় প্রযৃত হইবে। তাহার আদর্শ খুব উচ্চ রকমের হইলে উহা একেবারেই পূর্ণ করিবার প্রয়াস না পাইয়া অল্লে অল্লে লাভ করিতে চেষ্টা করিবে। যাহার ব্যবসায়ে মাসিক আয় ২৫, টাকা সে যদি উহা ২০০, টাকায় বৃদ্ধি করিতে চায়, তবে তাহার একেবারেই ২০০, টাকা আয়ের নিয়িত শক্তি প্রয়োগ না করিয়া প্রথম ৪০, টাকা বা ৫০, টাকা আয়ের জন্য চেষ্টা করা উচিত হইবে। তাহা পূর্ণ হইলে পর, সে দ্বিতীয় বা তৃতীয় বারে তাহার চরম আদর্শ পূর্ণ করিবার চেষ্টা পাইবে। যাহার উপর্জীবিকা চাকরি, সে যদি ৩০, টাকা বেতনের কেরাণীর পদ হইতে ৩০০, টাকা বেতনের উচ্চতম কর্মচারীর পদে উন্নীত হইবার অভিলাষী হয়, তবে তাহার পক্ষেও উহাতে একবার সিদ্ধিলাভ করা কঠিন হইবে। স্মৃতরাঃ তাহাকেও অভৌষ্ঠ সিদ্ধির পথে ক্রমশঃ অগ্রসর হইতে হইবে।

## ইচ্ছাশক্তি

৫৮

উদ্দেশ্য স্থির হওয়ার পর, তাহা সাধনের নিমিত্ত যেমন প্রথর ভাবে ইচ্ছাশক্তি প্রয়োগ করিবে, উহাকে বাস্তবে পরিণত করিবার জন্মও তৎসঙ্গে সেইরূপ যত্ন, চেষ্টা ও পরিশ্রম করিতে হইবে। কারণ কোন ইচ্ছাই কর্ষের সাহায্য ব্যতিরেকে বাস্তবে পরিণত হইতে পারেনা। কেহ ধনবান হইবার কামনা করিয়া যদি অর্থো-জর্জনের কোনরূপ চেষ্টা না করে, তবে তাহার দেই ইচ্ছা যেমন সামর্থ্যক খেয়াল রূপে পরিণত হয়, সেইরূপ কোন বস্তু লাভের আকাঙ্ক্ষা ও উপযুক্ত যত্ন, চেষ্টা ও পরিশ্রম ব্যতীত পূর্ণ হইতে পারে না। এই মনঃশক্তি প্রয়োগ ও উপযুক্ত যত্ন, চেষ্টা ও পরিশ্রমকেই সংমিলিত ভাবে “সাধনা” নামে অভিহিত করা হইয়াছে। সকল প্রকার অভীষ্ট সিদ্ধির মূলাই এই সাধনা। জ্ঞান, ভক্তি বা কর্মযোগে সিদ্ধিলাভের জন্ম যেকোন কঠোর সাধনার প্রয়োজন, স্মর্য করণ বা বায়বীয় শক্তি দ্বারা রেল, টিমার ইত্যাদি পরিচালিত করিতে, কিঞ্চিৎ সামান্য মূলধনের সাহায্যে কোটিপতি হইতেও ঠিক সেইরূপ সাধনার আবশ্যক। কর্ষের যেমন ছোট বড় নাই, সাধনারও তেমন ইতর বিশেষ নাই।

তবে প্রভেদ এই যে, একজনের সাধনা পারমৌকিক  
শুধুর জন্য, আর অপরের সাধনা অর্থ বা ঘণ্টের  
নিমিত্ত, একের উদ্দেশ্য স্বর্গতোগ বা মৃত্যি, আর  
অপরের কামনা পার্থিব সম্পদ।

বৈষয়িক উন্নতি লাভকাজী কর্মপ্রিয় ও শ্রম-  
শীল হইবে। তাহার অবলম্বিত কার্যের প্রতি সে  
সর্বদা অনুরক্ত থাকিয়া একনিষ্ঠ তাবে উহা সম্পাদন  
করিবে; কদাপি কোন কর্তব্য কর্ষ্ণে আলস্থ, ওদাশ্চ  
বা অবহেলা করিবে না। আজ যদি সে কোন  
একটি কায়কে শুন্দ বা সামান্ত মনে করিয়া অবহেলা  
করে, তবে কাল একটি বড় কায নিশ্চিতক্রপে  
তাহার সামর্থ্যকে অবজ্ঞা করিবে। বৈষয়িক উন্নতি-  
শীল ব্যক্তিরা সময়কে অত্যন্ত মূল্যবান জ্ঞান করেন  
এবং যথাসময়ে তাহাদের কর্তব্য কর্মসকল সম্পা-  
দন করিয়া থাকেন। তাহারা একাগ্রতা ও ধৈর্যের  
সহিত কার্য করিতে সর্বদা অভ্যন্ত বলিয়া কোন  
কষ্টেই তাহা ভীত বা বিপ্রক্ষ হয়েন না। এ জন্য  
কঠিন কর্মগুলি ও তাহাদের দ্বারা অতিশয় শুচাকু-  
ক্রপে সম্পন্ন হয়। উন্নতিকামী এই সকল গুণ  
লাভের সঙ্গে অপরের বৈষয়িক বিষয়ে হিংসা, ব্রেষ,

পরশ্রীকাতরতা ইত্যাদি যাবতীয় অনিষ্টকর চিন্তা  
ও কর্ম্ম পরিত্যাগ করিবে।

চাকরি-জীবি বেশী বেতনের উচ্চপদ প্রাপ্তির  
নিমিত্ত, দোকানদার, শিল্পী বা বিশেষ কোন বিষ্ণা  
ব্যবসায়ী অধিক সংখ্যক খরিদ্দার, মক্কেল বা গ্রাহক  
সমাগমের জন্য ইচ্ছাশক্তি প্রয়োগ করিবে এবং এই  
আকাঙ্ক্ষাকে কার্য্যে পরিণত করার জন্য তৎসঙ্গে  
অনুকূল কর্ম্মের অনুশীলন করিবে,—অর্থাৎ যে ভাবে  
কার্য্য করিলে তাহার সিদ্ধিলাভ সহজ হইবে তাহাকে  
সেই ভাবে কার্য্য করিতে হইবে। বৈষয়িক জগতে  
ভিন্ন ভিন্ন ক্ষেত্রে সাফল্য লাভ করিতে বিভিন্ন  
প্রণালীতে যত্ন, চেষ্টা ও পরিশ্রম করিতে হয়।  
ব্যবসায়ের শৈবৃক্ষির জন্য একজন দোকানদারের যে  
সকল শুণের ও যে ভাবে কার্য্য করা আবশ্যক হইয়া  
থাকে, একজন শিক্ষকের কর্ম্মক্ষেত্রে উন্নতির নিমিত্ত  
সে সকল শুণের বা সেকল ভাবে যত্ন, চেষ্টা ও পরি-  
শ্রম করার প্রয়োজন হয় না। অতএব উন্নতিকামী  
স্বীয় কর্ম্মোন্নতির সহায়ক শুণ সকল অর্জন করণান্তর  
ইষ্টলাভার্থ ইচ্ছাশক্তি প্রয়োগের সঙ্গে উহাদেরও  
যথোপযুক্তভাবে অনুশীলন করিবে।

## ইচ্ছাশক্তি বলে চাকরির উন্নতি সাধন।

চাকরি-জীবি তাহার বর্তমান পদ সংশ্লিষ্ট যাবতীয় কর্ম সূচারুক্তিপে সম্পাদনে অভ্যন্তর হইয়া আগে তাহার যোগ্যতা প্রতিপন্থ করিবে, অন্যথায় সে কোন উচ্চ-পদেরই উপযুক্ত বলিয়া গণ্য হইতে পারিবে না। যে তাহার বর্তমান কর্তব্য পালনে দক্ষতা প্রদর্শন করিতে পারে নাই, সে উহার অনুপযুক্ত; স্বতরাং সে গ্রাহ্যত: কোন উচ্চ কর্ম লাভেরই অধিকারী নয়। এজন্ত উচ্চকর্মাভিলাষীকে আগে উক্ত বিষয়ে তাহার উপযুক্ততা প্রমাণ করিতে হইবে; তজ্জন্ত সে নিম্নোক্ত আদেশ-মন্ত্রটি কিছুদিন অভ্যাস করিবে। অবশ্য যে ইতিপূর্বে এই যোগ্যতা অর্জন করিয়াছে, তাহার উহা অভ্যাসের প্রয়োজন নাই। অনুশীলনটি সুন্দর-ক্রপে অভ্যন্তর হওয়ার পর, অর্থাৎ আদেশ-মন্ত্রকে তাৰ-গুলি হস্তয়ে দৃঢ়ক্রপে প্রতিষ্ঠিত হওয়ার পর, সে তাহার আকাঙ্ক্ষান্বিত্যারী অধিক বেতনের কোন একটি পদ ( যাহা তাহার বর্তমান পদের তুলনায় খুব উচ্চ নয় ) লাভের জন্য ইচ্ছাশক্তি প্রয়োগ করিবে।

## প্রথম অনুশীলন।

“আমি এখন হইতে আমার চাকরির উন্নতি  
করিতে কৃতসংকল্প হইলাম। আমার বর্তমান  
পদ সংশ্লিষ্ট যাবতীয় কর্ম সততার সহিত সম্পাদনে  
অভ্যন্তর হইয়া আমি একটি উচ্চতর পদ লাভের  
যোগ্যতা অর্জন করিব। আমার শ্রমশালতা, কর্তব্য-  
নিষ্ঠা ও সততার আকর্ষণে এবং সক্রাপরি আমার  
প্রথর ইচ্ছাশক্তি বলে আমার একটি উচ্চপদ লাভ  
হইবে। আমি অবশ্য উহা লাভ করিব; আমার  
অভীষ্ট নিশ্চয় পূর্ণ হইবে। আমার ইচ্ছাশক্তি  
অত্যন্ত প্রথর।”

## দ্বিতীয় অনুশীলন।

আমি চাকরির উন্নতির জন্য আমার বর্তমান  
পদোচিত যাবতীয় কার্য্য স্থারকৃপে সম্পাদনে অভ্যন্তর  
হইয়া আমি বাহ্যিত পদটি লাভের সম্পূর্ণ যোগ্যতা  
অর্জন করিয়াছি। যখন উক্ত পদটি আমার লাভ  
হইবে, তখন আমি আরও বেশী যত্ন, চেষ্টা ও পরি-  
শ্রেষ্ঠের সহিত কর্তব্য কর্ম সকল সুসম্পন্ন করিয়া

উহাতেও আমাৰ উপযুক্তি প্ৰদৰ্শন কৱিব। আমি  
শ্ৰমশীলতা, কৰ্তব্যপৰায়ণতা, সততা ও বিনয়-নন্দন  
ব্যবহাৰে আমাৰ মনিবকে সন্তুষ্ট গ্ৰাথিব এবং বক্ষুৱ  
গ্যায় সদয় ব্যবহাৰ কৱিয়া নিষ্ঠোছি কৰ্মচাৰীগণকে  
বৰ্ণাভৃত কৱিব। আমি এই সকল গুণেৰ সাহায্যে  
এবং সৰ্বোপৰি আমাৰ প্ৰথৰ ইচ্ছাশক্তি ব্বাৰা সক-  
লেৰ হৃদয় জয় কৱিয়া আমাৰ বৃত্তন কৰ্মক্ষেত্ৰে  
সুপ্ৰতিষ্ঠিত হইব। আমি নিশ্চয় কৃতকাৰ্য্য হইব।  
আমাৰ এই সংকল্প কিছুতেই বিচলিত হইবে না  
আমাৰ ইচ্ছাশক্তি অত্যন্ত প্ৰথৰ।

এই অনুশীলন দুইটি স্বতন্ত্ৰ ভাবে দুই টুক্ৰা  
কাগজে লিখিয়া, এক একটি কৱিয়া পূৰ্বেৰ গ্যায়  
অভ্যাস কৱিব। প্ৰথম অনুশীলনটি অভ্যাস কৱিয়া  
কৃতকাৰ্য্য হওয়াৰ পৰ, দ্বিতীয় অনুশীলনটি আৱস্থা  
কৱিবে এবং অভীষ্ট সিদ্ধি না হওয়া পৰ্যান্ত প্ৰতিদিন  
নিয়মিতকৈপে উৎস অভ্যাস কৱিতে থাকিবে।

ইচ্ছাশক্তি বলে ব্যবসায়ে উন্নতি সাধন।

প্ৰথম অনুশীলন।

“আমি আজ হইতে আমাৰ ব্যবসায়ে ‘উন্নতি  
লাভেৰ নিয়মিত দৃঢ় সংকলন কৱিলাম।’ আমি এই

ব্যবসায় স্বারা প্রতি মাসে ২০০ টাকা করিয়া আয় করিতে হিলপ্রতিষ্ঠ হইলাম। যতদিন আমার অভীষ্টপূর্ণ না হয়, ততদিন আমি ঐকান্তিক যত্ন, চেষ্টা ও পরিশ্রমের সহিত কর্তব্য সম্পাদনে রত থাকিব। আমি উহার জন্য স্থায় সঙ্গত কোন উপায়,—তাহা যতই কঠিন হউক, অবশ্যই করিতে ভীত বা পশ্চাত্পদ হইব না। আমার খরিদ্দার মকেল বা গ্রাহকদিগের সহিত আটি সর্বদা ভদ্রোচিত ও সদয় বাবহার করিব এবং কদাপি তাহাদের সঙ্গে কোন বিষয়ে ছল-প্রবৃক্ষনা করিব না। যতদিন আমার অভীষ্ট পূর্ণ না হয়, ততদিন আমি এই সংকল্পে দৃঢ় ও অটল থাকিব; কারণ আমার ইচ্ছাশক্তি অত্যন্ত প্রগতি।”

### দ্বিতীয় অনুশীলন।

“আমার ব্যবসায়ের দিন দিন উন্নতি হউক। আমার মোকাব বা কার্য্যালয়ে দিন দিন অধিকতর সংখ্যায় খরিদ্দার, মকেল বা গ্রাহকগণের সমাগম হউক। আমার কর্মের পরিমাণ বৃদ্ধি ও আমার কর্মক্ষেত্র প্রসারিত হউক। প্রতিমাসে নিয়মিতক্রমে

আমার ২০০ টাকা করিয়া আয় হউক। প্রতিমাসে এই পরিমাণ টাকা উপার্জন করিতে আমি সম্পূর্ণ সক্ষম। স্বতরাং আমার অভীষ্ঠ অবশ্য পূর্ণ হইবে; কারণ আমার ইচ্ছাশক্তি অত্যন্ত প্রথর”।

এই অঙ্গুলনস্ত্রয়ের প্রথমটি কিছুদিন অভ্যাস করার পর, আবশ্যকীয় শুণগুলি লাভ হইলে, দ্বিতীয়টির অভ্যাস আরম্ভ করিবে এবং যতদিন উদ্দেশ্য সফল না হয়, ততদিন নিয়মিতক্রপে উহা অভ্যাস করিবে।

চাকরি দ্বারা! হউক বা ব্যবসায়ে হউক কর্মান্বিদ্বাধনায় প্রতিযোগী বা সমব্যবসায়ীগণের প্রতি কথনও ঈর্ষা বা ব্রেষ্ট করিবেনা, কিন্তু প্রত্যক্ষ বা প্ররোচকভাবে তাহাদের বিরুদ্ধাচরণ করিবেনা, অথবা তাহাদের কার্য-প্রণালী বা চরিত্র নি঳া করিবেন। যাহারা নিষ্ঠের উন্নতির অন্ত চিন্তা, বাক্য ও কর্মের দ্বারা অপরের উন্নতির ব্যাঘাত অন্তর্হাতে চেষ্টা করে, তাহারা কথনও পূর্ণ যাত্রায় বৈষম্যিক শীরুদ্ধি লাভে সক্ষম হয়ন। তুমি চিন্তা, বাক্য ও কর্ম দ্বারা তোমার সম ব্যবসায়ীদিগের প্রতি ডাল-মল যেক্ষেপ ব্যবহার করিবে, তুমি তাহাদের নিকট হইতে প্রত্যক্ষ

বা পরোক্ষভাবে সেই রকমের বিশ্বণ ব্যবহার লাভ করিবে। ইহা প্রকৃতির নিয়ম; ক্রিয়ার প্রতিক্রিয়া, যাতের প্রতিঘাত। বস্তুতঃ হিংসাপরায়ণ বা পরাত্ম-কাতর ব্যক্তিগণের পার্থিব উন্নতি কদাচিত্ দৃষ্ট হয়। উন্নতিকামী সমক্ষী বা ব্যবসায়ীদিগের সহিত বক্ষু-বৎ আচরণ করিবে; তাহাদের মধ্যে যাহারা স্বীয় স্বীয় কার্যক্ষেত্রে বিশেষরূপে সাফল্য লাভ করিয়াছেন, তাহাদের সহিত ঘনিষ্ঠ-ভাবে মিলা-মিশা করিয়া তাহাদের কার্য-প্রণালী হইতে শিক্ষা গ্রহণ করিবে। সে বক্ষু ভাবে মিলিয়া-মিশিয়া! তাহাদের নিকট হইতে তাহার অভীষ্ট সিদ্ধির অঙ্গুকূল যে সকল উপদেশ বা শিক্ষা লাভের সুযোগ পাইবে, তাহাদের বিরুদ্ধাচরণ করিলে তাহাকে উহা হইতে সম্পূর্ণরূপে বঝিত থাকিতে হইবে।

### উমেদারগণের প্রতি উপদেশ।

> । বসিয়া থাকার চেয়ে বেগোর থাটা ভাল। কেন ভাল কর্মের আশায় অনিদিষ্ট কাল অলসভাবে বসিয়া সময় নষ্ট করা অপেক্ষা, একটি সামান্য কর্ম যাহা সহজে পাওয়া যায়, তাহা গ্রহণ করিয়া কর্ম-

শক্তিকে সর্বদা নিয়ন্ত্রণ রাখিবে। কারণ দীর্ঘকাল বেকার  
বসিয়া থাকিলে প্রথর কর্মশক্তি ও নষ্ট হইয়া যায়।

২। চাকরি অপেক্ষা ব্যবসায় ভাল, ৫০, টাকা  
বেতনের চাকরি অপেক্ষা ২৫, টাকা আয়ের  
যে কোন ব্যবসায় শ্রেষ্ঠতর।

৩। দীনভাবে কাহারও তোষামোদ করিয়া  
চাকরি পাওয়া অপেক্ষা সম্পূর্ণ নিজের চেষ্টায় একটি  
সামান্য কর্ম লাভ অধিকতর সন্তান জনক।

৪। কোন কর্মকেই নিজের বংশ-গর্যাদা বা  
শিক্ষার অনুপযুক্ত বলিয়া মনে করিবে না। এজন্তা  
আবশ্যক হইলে সামান্য কর্ম গ্রহণ করিতেও বিধি  
বোধ করিবেন। কুলী, বাড়ুদার, নৌকাচালক,  
ফেরিওয়ালা ইত্যাদির কাম হইতে কর্মজীবন আবশ্য  
করিয়াও অনেক লোক ধন, মান, উচ্চপদ লাভে সমর্থ  
হইয়াছেন।

৫। কোন একটি কার্য গ্রহণ পূর্বক একনিষ্ঠ-  
ভাবে উহা সম্পাদনে রত থাকিবে এবং উহাতে  
নিজের উপযুক্তা প্রমাণ করিবে। সামান্য কর্ম  
যে ব্যক্তি সুচারুরূপে সম্পন্ন করিতে পারে না, সে  
কোন কঠিন কার্যেই সাফল্য লাভের আশা করিতে

পারে না। প্রবাদ আছে,—“আগে উপযুক্ত হও,  
পরে আশা করিও।”

বৈষম্যিক উন্নতির জন্য যাহার প্রবল আকাঙ্ক্ষা  
আছে, সে তাহা পূর্ণ করিবার নিমিত্ত যথোপযুক্ত  
রূপে ইচ্ছাশক্তি প্রয়োগ করিতে পারিলে, অতি  
সামান্য কর্ম হইতেও বৈষম্যিক জীবন আরম্ভ করিয়া  
সুখ-সৌভাগ্যের উচ্চতম শিখরে উরোহণ করিতে  
পারে। যাহার ইচ্ছাশক্তি প্রগত, জগতে কেহই  
তাহার অভীষ্ট সিদ্ধির গতিরোধ করিতে পারেন।

## অষ্টম অধ্যায়

ইচ্ছাশক্তি দ্বারা স্তৌ-পুরুষকে অজ্ঞাতসারে  
বশীভৃত করণ ।

ইচ্ছাশক্তি বলে দূরস্থ বা নিকটস্থ কোন লোককে  
তাহার অজ্ঞাতসারে বশীভৃত করিয়া তাহার দ্বারা  
অনেক প্রকার কার্য্য সম্পাদন করিতে পারা যায় ।  
কিন্তু শিক্ষার্থী কোন মন্দ উদ্দেশ্য সাধনের নিমিত্ত  
কদাপি এই কার্য্যে হস্তক্ষেপ করিবে না,—করিলে  
তাহার সমূহ অনিষ্ট হইবে ।

কাহারও অজ্ঞাতসারে মোহিত  
করার প্রণালী ।

প্রথম নিয়ম ।

একটি নৌরব গৃহে গমন পূর্বক একখানা চেয়ার  
বা অন্ত কোন আসনে উপবেশন করিবে ; কিন্তু  
বিছানায় চিংড়াবে শুইবে । তৎপরে শরীরের মাংস-  
পেশী গুলিকে যথা সাধ্য বল শৃঙ্খল ও শিথিল করতঃ

চক্র বুজিয়া কল্পনার সাহায্যে মনোনীত ব্যক্তির  
চেহারা মনের মধ্যে অঙ্গিত করিবে। তাহার চক্র,  
নাক, কাণ—অর্থাৎ সমস্ত মুখ্যমন্ত্রণানি নিভূল ও  
স্পষ্টকৃপে অঙ্গিত করতঃ কিছুক্ষণের জন্য ( যত বেশী  
সময়ের জন্য হয়, ততই ভাল ) মানস-পটে ধারণ  
পূর্বক, অভীপ্তি বিষয়ে দৃঢ়তার সহিত উহাকে  
( ঐ প্রতিমূর্তিকে ) মানসিক আদেশ \* দিবে। উপ-  
স্থিত কোন লোকের দ্বারা কোন কার্য করাইতে  
বেঁকুপ ঘৌঁথিক আদেশ দেওয়া যায়, শিক্ষার্থীও  
অভীষ্ট ব্যক্তিকে ( বেন সে সশরীরে তাহার নিকট  
উপস্থিত আছে একপ কল্পনা করিয়া ) সেইকুপ দৃঢ়-  
তার সহিত মনে মনে আদেশ প্রদান করিবে।  
কোন কার্যের জন্য কিরূপ আদেশ দেওয়া আবশ্যক  
নিম্নে তাহার নমুনা প্রদত্ত হইল। সে উক্ত নমুনার  
অনুকূল উপযুক্ত আদেশের সাহায্যে তাহার দ্বারা ইচ্ছা-  
যত যে কোন কার্য সম্পাদন করিতে সমর্থ হইবে।  
এই প্রণালীতে কাহাকেও বশীভূত করিবার সাফল্য  
সমধিক পরিমাণে দ্রুতিতে বিষয়ের উপর নির্ভর করে।  
( ১ ) অভীষ্ট ব্যক্তির আকৃতি খুব স্পষ্টকৃপে চিত্রিত

---

\* এই অধীত “সন্মোহন বিচার” পক্ষম পাঠ স্বীকৃত।

করিয়া মনের মনের মধ্যে কিছু সময়ের জন্য স্থির রাখা, (২) আর ইস্পিত কার্যটি তাহার দ্বারা সম্পাদিত হইবার নিমিত্ত তৌর ভাবে ইচ্ছাশক্তি প্রয়োগ করা। আদেশ প্রদান কালীন চিত্তটি হৃদয়-পটে যত উজ্জলভাবে স্থির থাকিবে এবং বাঞ্ছিত কার্যটি সম্পাদনের ইচ্ছা যত প্রেক্ষণ হইবে, মনোনীত ব্যক্তি তত অধিক পরিমাণে উহাতে আকৃষ্ট ও বশীভৃত হইবে।

### কোন্ কার্যের জন্য ক্রিয়া আদেশ দিতে হয়।

(১) কাহারও ভালবাসা লাভের জন্য নিম্নোক্ত ক্রিয়া আদেশ প্রদান করিবে। বলিবে, “তুমি আজ হইতে আমাকে ভালবাসিতে আরম্ভ করিবে। আজ হইতে প্রতি দিনই তোমার মন আমার প্রতি দৃঢ়তর রূপে আকৃষ্ট হইতে থাকিবে। তুমি যতই আমাকে দেখিবে, ততই তোমার প্রাণ আমাকে ভালবাসিবার জন্য ব্যাকুল হইবে। তুমি আমাকে অবশ্য ভালবাসিবে—নিশ্চয় ভালবাসিবে।”

(১) কাহারও মন হইতে শক্তি দূর করিবার জন্য বলিবে,—“তুমি আজ হইতে আর আমার ( বা রামের ) প্রতি কোনরূপ শক্তিচরণ করিবে না ; তুমি আজ হইতে আর কোন বিষয়েই আমার বিরুদ্ধাচরণ করিবেনা । তুমি আমার প্রতি সর্বপ্রকার বিষ্ণব ভাব পরিত্যাগ করিয়া আমার বক্তু ক্লপে পরিণত হইবে এবং আমাম সহিত সর্বদা সরল ও সদৃশ ব্যবহার করিবে ।

(৩) কাহারও মনে বাস্তি বিশেষের প্রতি বিষ্ণব জন্মাইতে বলিবে, “হরি, তুমি আজ হইতে যতকে আর ভালবাসিবে না ; তুমি আজ হইতে সম্পূর্ণরূপে তাহার সঙ্গ পরিত্যাগ করিবে ; কারণ সে বক্তুড়ের আবরণে তোমার ঘোরতর অনিষ্ট করিতেছে । তুমি আজ হইতেই তাহার সত্ত্ব সকল সম্পর্ক পরিত্যাগ করিয়া বিষ্ণব ভাবাপন্ন হইবে এবং দিন দিনই তাহার প্রতি অধিকতর পরিমাণে তোমার বিষ্ণবভাব বৃদ্ধি পাইতে থাকিবে” ইত্যাদি ।

এই উপায়ে আয়সঙ্গত কোন মায়লার পক্ষে বিচারককে রায় দিতে বাধ্য করা যায়, কিন্তু কোন কৃক্ষ ব্যক্তিকে শাস্তি করিতে, কোন বিষয়ে ব্যক্তি

বিশেষের যত পরিবর্ত্তিক করিতে, কাহারও মনে নিজের প্রতি বিশ্বাস জন্মাইতে পারা যায়, ইত্যাদি। শিক্ষার্থী কেবল সহদেশে সাধনের নিমিত্ত এই কার্য্যে ব্রতী থাকিলে, এই বিষয়ে তাহার বিশেষ পারদর্শিতা লাভ হইবে এবং সে নিজের ও অপরের বহু বিষয়ে প্রভৃতি মঙ্গল সাধনে সমর্থ হইবে।

খুব একাগ্রচিন্তা দিন অপরের পক্ষে পূর্ব দৃষ্ট কোন লোক বা বস্ত্র প্রতিকৃতি চক্ৰ বৃজিয়া মনের মধ্যে ঠিক ও স্পষ্টকৃতে অঙ্কিত করা ও কিছুক্ষণ উহা ধারণ করিয়া রাখা সহজ কার্য্য নহে। যাহাদের একাগ্রতা অভাবতঃ প্রথম,—তাহারা স্বল্পায়াসে উহা করিতে পারিবে বটে, কিন্তু সাধারণ লোক, যাহাদের তাদৃশ একাগ্রতা নাই, তাহাদের পক্ষে উহা সম্পূর্ণ করা অতিশয় কঠিন হইবে। তজ্জন্ম তাহারা উপযুক্ত অভ্যাসের সাহায্যে তাহাদের একাগ্রতা বৰ্দ্ধিত করণাস্ত্র \* এই বিষয়ে হস্তক্ষেপ করিবে; অন্তথায় তাহারা ইহাতে আশাহুক্ত সাফল্য লাভ করিতে সমর্থ হইবে না।

\* একাগ্রতা শক্তি বৃদ্ধি করিবার জন্ম কতকগুলি সহজ অনুশীলন মৎপ্রণীত “চিন্তা-পঠন বিজ্ঞান” অন্তর্ভুক্ত হইয়াছে।

কাহারও অজ্ঞাতসারে মোহিত

করিবার প্রণালী ।

( অন্য প্রকার )

নিকটস্থ বা দূরস্থ কোন লোককে তাহার অজ্ঞাত-  
সারে বশীভৃত করিবার জন্য নিম্নোক্ত প্রণালীও অবলম্বন  
করা যাইতে পারে । একটি নিভৃৎ ঘরে বসিয়া বা  
দাঢ়িয়া মাংসপেশীগুলি সবল ও দৃঢ় রাখিয়া অতীচী  
ব্যক্তিকে খুব স্পষ্টকর্পে মনের মধ্যে চিত্রিত করিবে ।  
তৎপরে তাহাতে তাহাকে স্বীকৃত বা বাধ্য করিবার  
জন্য তাহার দ্বারা যাহা করাইতে ইচ্ছা করিবে, তাহার  
মুখ দিয়া নিজের প্রতি ইচ্ছাহুকুপ প্রতিজ্ঞা করাইবে ।  
মনে করা যাব, রাম শ্রামের টাকা ধারে ; সে কিছুতেই  
সেই টাকা শ্রামকে দিতেছে না । এই প্রণালীতে ইচ্ছা-  
শক্তি প্রয়োগ করিয়া রামের নিকট হইতে টাকাগুলি  
আদায় করিতে, শ্রাম উক্তকর্পে রামের চেহারা মনের  
ভিতর অঙ্কিত করিয়া, সেই ছবির মুখ দিয়া নিজের  
প্রতি এই মত কিছু বলাইবে বা প্রতিজ্ঞা করাইবে ;  
“শ্রাম বাবু, আমি আপনার প্রাপ্য টাকাগুলি দিতে  
আর বিলম্ব করিব না ; আমি আর এক সপ্তাহ

বা পনের দিনের মধ্যেই আপনার সমস্ত টাকা পরিশোধ করিয়া দিব।” বলা বাহ্য যে এই প্রণালীতে ও ইচ্ছা মত সকল কর্ম সম্পাদন করা যায়।

উক্ত দুইটি প্রণালীর মধ্যে যেটি শিক্ষার্থীর নিকট সহজ বা সুবিধা জনক বলিয়া বোধ হইবে, সে উহারই অনুসরণ করিবে।

## নবম অধ্যায়

### ইচ্ছাশক্তি বলে আলোকিক কার্য্যাদি সাধন।

ইচ্ছাশক্তি বলে অন্তর প্রকৃতি জয় করিতে পারিলে বাহু প্রকৃতির উপর প্রভূত্ব করা যায়। যোগীগণ অন্তর প্রকৃতি জয়ের স্বারাহ অণিমাদি অষ্টৈশৰ্ষ্য লাভ করেন এবং প্রকৃতির উপর আধিপত্য করিতে সমর্থ হন। অন্তর প্রকৃতি জয়ের অর্থে নিজের শরীর ও মনকে সম্পূর্ণরূপে ইচ্ছাশক্তির আয়ত্তাধীন করা। যিনি ইচ্ছাশক্তি বলে তাহা করিতে পারিয়াছেন, তিনিই জড় প্রকৃতিকে আদেশ পালনে বাধা করিতে পারেন। তখন তিনি ইচ্ছা করিলেই নানাপ্রকার প্রাকৃতিক ঘটনা, যেমন—বাড়, বৃষ্টি, বজ্রপাত, ভুকল্পন ইত্যাদির সংঘটন ও উৎসাদিগকে রোধ বা নিরুত্তি করিতে পারেন এবং জড় শক্তি বলে পরিচালিত রেল, শীমার, মটরকার ইত্যাদি যান বাহনাদির গতিবিধির উপর আধিপত্য এবং আরও

বহু-প্রকার আলোকিক ক্রিয়া সম্পন্ন করিতে পারেন ।  
 কয়েক বৎসর পূর্বে মধ্য প্রদেশের কোন এক রেল  
 ট্রেনে একথানা আরোহীপূর্ণ ট্রেণের গতি একটি  
 যোগী বা সাধুর ইচ্ছাশক্তি বলে কৃত্তি হইয়াছিল এবং  
 উক্ত ঘটনা কলিকাতার “ইণ্ডিয়ান ডেইলি নিউজ”  
 (Indian Daily News) নামক কাগজে প্রকাশিত  
 হইয়াছিল । সংবাদপত্র পাঠকদের অনেকে তাহা  
 সবিশেষ অবগত আছেন । যাস তই-তিনি পূর্বে  
 “দৈনিক বস্তুমতীতে” আর একটি যোগী বা সাধুর  
 কথা প্রকাশিত হইয়াছিল ; তিনি কাশীতে উত্তপ্ত  
 গলিত সীসক পান করিয়া বহু লোককে অত্যন্ত  
 বিস্তৃত ও স্তুতি করিয়াছিলেন । যোগীগণের স্বারা  
 এইরূপ বহু প্রকার আলোকিক কার্য সংঘটিত হইতে  
 পারে ।

এই সকল ঘটনা কাহার কাহারও নিকট অস্ত্রব  
 বঙ্গিয়া বোধ হইতে পারে । কিন্তু যাহারা সৌভাগ্য-  
 জন্মে যোগী বা তত্ত্বালী ক্ষমতাশালী ব্যক্তির সাহচর্য-  
 সাত বা তাহার কোন অলোকিক ক্রিয়া প্রত্যক্ষ  
 করিয়াছেন, তাহারা কখনও অবিশ্বাস করিবেন না ।  
 আর এক শ্রেণীর লোক আছে ; তাহারা স্বচক্ষে-

যাহা দেখেনাই বা যাহা বুঝে না, তৎসমূদায়ই তাহারা অবিশ্বাস করিয়া থাকে। বোধহয় তাহারা মনে করে যে, কোন কিছু বিশ্বাস করা অপেক্ষা অবিশ্বাস করাই বেশী বুদ্ধির পরিচায়ক। লোকে অনেক জিনিষ প্রত্যক্ষ না করিয়া বা না বুঝিয়াও বিশ্বাস করিয়া থাকে। অন্যথায় তাহার জীবন-যাত্রাই কঠিন হইয়া দাঢ়ায়। পাহাড়-পর্বতে, বন-জঙ্গলে, যে সকল যোগী, তপস্বী রহিয়াছেন, তাহাদের অনেকেরই নানাপ্রকার আলোকিক শক্তি আছে। তাহারা লোকালয়ে বড় একটা আসেন না, কদাচিং আসিলেও তাহাদের শক্তি-পরীক্ষা সহজে কাহাকেও দেখাইতে স্বীকৃত হয়েন না। ত্রৈলঙ্ঘন্স্বামী, লোকনাথ ব্রহ্মচারী প্রভৃতি যোগ সিদ্ধ মহাআগণের নাম ও তাহাদের যোগবলের কাহিনী বাঙ্গলায় সুপরিচিত। বহু লোক তাহাদের অস্তুত যোগবলের ক্রিয়া-কলাপ প্রত্যক্ষ করিয়াছেন। “সিক্রেট ডক্ট্ৰিন” (Secret Doctrine) নামক সুপ্রিম গৃহের রাজয়িত্রী ও থিওসফিকেল সোসাইটি (Theosophical Society) প্রতিষ্ঠাত্রী স্বনামধন্যা ম্যাডাম্ ব্লাভাস্কী (Madam Blavatskey) এই দেশীয় গণমান্য

কয়েক ব্যক্তিকে তাহার আশ্চর্য ইচ্ছাশক্তির ক্রিয়া  
প্রদর্শন করিয়াছিলেন। স্বতরাং কোন বস্তু বা  
বিষয় কোন ব্যক্তি বিশেষের প্রত্যক্ষীভৃত বা বোধগম্য  
না হইলেই যে উহা দিশাসের অযোগ্য বলিয়া মনে  
করিতে হইবে, তাহা কথনও বিজ্ঞতার পরিচায়ক  
নহে।

যাহা হইক, উপযুক্ত সাধনার অসামর্থ্য হেতু  
যাহারা বেশী পরিমাণে শক্তি লাভে সক্ষম হয় নাই,  
তাহারাও ইচ্ছাশক্তি বলে নানা প্রকার আশ্চর্য  
জনক কার্য্য সম্পন্ন করিতে পারিবে। যথা,—নিজের  
ও অপরের রোগ আরোগ্য করণ, মনের আকর্ষণ  
স্থারা ব্যক্তি বিশেষকে নিকটে আনয়ন, কোন  
লোকের মনোভাব পরিবর্তন . . . : তাহাকে কোন  
বিশেষ কার্য করিতে বাধ্য করণ, গো, মহিষ, কুকুর  
ইত্যাদি হিংস্র জন্মদের আক্রমণ রোধ করণ ইত্যাদি।  
বলা বাহ্য যে, যাহার ইচ্ছাশক্তি যত প্রেৰণ এই  
সকল কার্য্য তাহার সাফল্য লাভও তত অধিক  
হইবে।

ইচ্ছাশক্তি বলে এই সকল কার্য্য সম্পন্ন করিতে  
বিশেষ কোন নিয়ম-প্রণালী আবশ্যক হয় না;

অভৌষ্ঠ সিদ্ধি বিষয়ে প্রথরভাবে শক্তি প্রয়োগ করিলেই তাহা 'স্বতঃ সম্পাদিত হইয়া থাকে।' উপস্থিত কোন লোকের প্রতি শক্তি প্রয়োগ করিতে তাহার দিকে স্থির দৃষ্টিতে তাকাইয়া থাকিয়া, আর দূরে থাকিলে তাহার চেহারা মনে মনে কল্পনা করিয়া' আবশ্যিকীয় বিষয়ে মানসিক 'আদেশ দিতে হয়।

দৃষ্টান্ত,—রাম তাহার বাড়ীতে আছে, ইচ্ছাশক্তি বলে, তাহাকে আকর্ষণ করিয়া নিকটে আনিতে বলিবে, "রাম, তুমি এখনই এখানে আসিয়া আমার সহিত সাক্ষাৎ করিবে; তুমি যত শীঘ্ৰ সম্ভব এখানে চলিয়া আসিবে;—আমি এখনই তোমাকে এখানে দেখিতে চাই।" এই যত কয়েকবার মানসিক আদেশ প্রদান ও তৎসঙ্গে তাহার আগমনের প্রতি তীব্রভাবে ইচ্ছাশক্তি প্রয়োগ করিলেই, সে যথা সময়ে নির্দিষ্ট স্থানে আসিয়া উপস্থিত হইবে। আদিষ্ট স্থানে পৌছিবার পক্ষে বাধা-বিপ্র যত কর্ম হইবে, সে তত সহজে আকৃষ্ট হইয়া আদেশ পালনে বাধ্য হইবে। এজন্ত নিকটস্থ ব্যক্তিকে যত শীঘ্ৰ আকর্ষণ করিতে পারা বাব, কোন দুর্বল লোককে তত সহজে আদেশ পালনে বাধ্য কৰা যায় না। তাহা করিতে

অধিক সময় ব্যাপিয়া পুনঃ পুনঃ শক্তি প্রয়োগ  
আবশ্যিক ।

গো, মহিষ, কুকুর ইত্যাদি হিংস্রক প্রাণীগণের  
কাছারও নিকট দিয়া গমনাগমন করিবার সময়,  
আক্রান্ত হইবার সন্তান থাকিলে, উহার প্রতি  
সতেজ দৃষ্টি স্থাপন করতঃ, উহাকে অবস্থিত স্থানে  
শান্তভাবে থাকিবার জন্য প্রথর তাবে ইচ্ছাশক্তি  
প্রয়োগ করিবে । উহাতেই উক্ত জন্তু আদেশ পালনে  
বাধ্য হইবে ।

বাড়-বৃষ্টি বন্ধ করিবার ইচ্ছা করিলে, আকাশস্তু  
মেঘ বা বাড়ের পানে তাকাইয়া (অর্থাৎ বাড়টা যেদিক  
হইতে আসিতেছে সেই দিকে তাকাইয়া) বৃষ্টি বন্ধ  
বা বাড়ের বেগ প্রশমিত হওয়ার জন্য তৌর তাবে  
ইচ্ছাশক্তি প্রয়োগ করিবে । দেখিতে পাইবে, অল্প  
সময়ের মধ্যেই উহা বন্ধ হইয়া যাইবে ।

ইচ্ছাশক্তি বলে সর্বপ্রকার রোগ আরোগ্য করা  
যায় । তাহা করিতে পীড়িত ব্যক্তির কঞ্চিত্তানে  
পাস প্রদান (হাত বুলান)\* বা তাহার মন্তকের  
উপর নিজের দক্ষিণ তালু স্থাপন পূর্বক তাহার

\* অঙ্গীকৃত “সম্মোহন বিজ্ঞার” বংশপাঠ স্বীকৃত ।

আরোগ্য সমস্কে ১০ হইতে ৩০ মিনিট কাল প্রথম  
ভাবে ইচ্ছাশক্তি প্রয়োগ করিবে। যাহারা রোগ-  
রোগের শক্তি শাভের অভিলাষী, তাহারা যখন  
সুব্যোগ পাইবে, তখনই এই শক্তিকে অপরের রোগ  
যন্ত্রণা দূর করিবার জন্য নিয়োগ করিবে, কারণ ইচ্ছা-  
শক্তিকে যে বিষয়ে বেশী নিযুক্ত রাখা যায়, সেই  
বিষয়েই উহার কার্য্যকারিতা অধিক পরিমাণে বর্দ্ধিত  
হইয়া থাকে।

## দশম অধ্যায়

ইচ্ছাশক্তি বলে আধ্যাত্মিক উন্নতি সাধন ।

যাহারা বলেন, বাহিরের শুরুর সাহায্য ব্যতিরেকে আধ্যাত্মিক উন্নতি হয় না, আমি তাহাদের মতের সমর্থক নহি । কারণ মাত্র,—যাহার হৃদয়ে নিখিল বিশ্বের আরাধ্য মহাশুর সর্বদা বিরাজমান আছেন, আধ্যাত্মিক উন্নতির জন্য তাহার বাহিরের কোন শুরুর প্রয়োজন নাই । ধর্মোন্নতির জন্য যাহার প্রাণে যথার্থ ব্যাকুলতা জনিয়াছে, আমি সংযম দ্বারা তাহার মন উপবৃক্তুরপে গঠিত হইলে, সেই অস্ত্র দেবতাই তাহাকে ঠিক পথে পরিচালিত করিয়া থাকেন । যাহার হৃদয়ে আধ্যাত্মিক ভাব ক্ষুণ্ণিত হইয়াছে, বাহিরের শুরু কেবল তাহারই ধর্মোন্নতির সাহায্য করিতে পারে ; যাহার তাহা হয় নাই, কোন শুরু, তিনি যত বড়ই হউন, উক্ত বিষয়ে তাহাকে কোন উপকার করিতে পারেন না । স্বতরাং সে, যে তিনিরে সেই তিনিরেই থাকিয়া যান ।

এই নিমিত্ত, আধ্যাত্মিক উন্নতি গুরু অপেক্ষা শিষ্যেরই  
মানসিক গুণাগুণের উপর অধিক নির্ভর করে ।

আধ্যাত্মিক উন্নতির উদ্দেশ্য মুক্তি ;—পরমাত্মার  
সহিত জীবাত্মার আনন্দময় মিলন । ইহাই মানব  
জীবনের চরম লক্ষ্য । এই অবস্থায় জীবাত্মা আনন্দ  
কোষ-বিরাজিত পরমাত্মার সহিত অনন্তকালের  
নিমিত্ত লৌন হইয়া যায়, অথবা তাঁহার সালোক্য,  
সাধুজ্ঞ্য, সামীপ্য ইত্যাদি লাভে পরমানন্দ লাভ করে ।

মাতৃব সংসারে জন্ম গ্রহণ করিয়া জরা, ব্যাধি,  
শোক ইত্যাদি হইতে নানা প্রকার দুঃখ ভোগ করে  
এবং রূপ, রস, গন্ধ, স্পর্শ ও শব্দ উপভোগের জন্য  
অত্যন্ত আসক্ত হইয়া পড়ে । এই ভোগাসক্তি  
বশতঃই সে জন্ম-মৃত্যু রূপ পরিবর্তনের ভিতর দিয়া  
পুনঃ পুনঃ সংসারে যাতায়াত করে এবং বারংবার  
ঐ সকল দুঃখ ভোগ করিতে বাধ্য হয় । এই নিমিত্ত  
জ্ঞানীগণ, জন্ম-মৃত্যুরূপ ভব-বন্ধনকেই যাবতীয় দুঃখের  
মূলীভূত কারণ বলিয়া নির্দেশ করিয়াছেন এবং জীবকে  
উহার শৃঙ্খল-মুক্ত হওয়ার জন্য উপদেশ দিয়াছেন ।

ভব-বন্ধন ছিন্ন করিবার উপায় মুক্তি ; মুক্তির  
উপায় ত্যাগ বা বৈরাগ্য ; আর উহার অন্তর্যায় পার্থিব-

তোগ স্পৃহা । মানবাত্মা বতদিন এই তোগ লালসায় আসক্ত থাকে, ততদিন সে মুক্তি লাভ করিতে পারে না । স্বতরাং ততদিন তাহাকে সংসারাবর্তে নিমগ্ন থাকিয়া তাবুড়ুবু থাইতে হয় । পিঙ্গরাবক বিহঙ্গ যেমন দ্বার পোলা পাইলেই আকাশের মুক্ত বক্ষে ছুটিয়া পালায়, পার্থিব আসক্তি ত্যাগ হইলে, জীবাত্মাও সেইরূপ পরমাত্মার সহিত মহোল্লাসে লীন হইয়া যায় । মুক্তির উদ্দেশ্য স্বৰ্থ ; কিন্তু ইহা পার্থিব ক্ষণ-স্থায়ী স্ফুটি নহে । এই স্বৰ্থ সচিদানন্দময় পরম ব্রহ্মের সহিত সংযোগ জনিত অবিনশ্বর, অনাবিল ও অতুল আনন্দ ।

অতএব আসক্তি বর্জনই মুক্তির হেতু । সংসারাসক্ত লোকের মনে তোগস্পৃহা স্বভাবতঃ অত্যন্ত বলবত্তী এজন্য উহা পরিতাগ করা তাহাদের পক্ষে অত্যন্ত কঠিন । অধিকন্তু উহা মানব হৃদয়ের স্বাভাবিক বৃত্তি বলিয়াও উহাকে সম্পূর্ণরূপে বর্জন করা কাহারও পক্ষে সন্তুষ্পর নয় । তবে, কেবল জীবন ধারণের অন্ত যতটুকু তোগ আবশ্যিক, তদত্তিরিক্ত যাবতীয় সন্তোগ-লালসা পরিত্যক্ত হইলেই আসক্তি বর্জনের উদ্দেশ্য সফল হয় । এই তোগ

বাসনা বর্জনের সঙ্গে মুক্তিকামী নিষ্ঠাম ভাবে তাহার  
যাবতৌয় কর্ম্ম সম্পাদন করিবে। তোগীরা ফলাকাঞ্চা  
লইয়া কার্য্য করে ; আর সে ফলাকাঞ্চা না হইয়া কর্ম্ম  
করিবে। যাহার হৃদয়ে ভোগস্পৃহা নাই, তাঁর নিজের  
প্রয়োজনও কিছু নাই ; স্বতরাং তাহার পক্ষে নিষ্ঠাম  
ভাবে কর্ম্ম করা কিছুই কঠিন নয়। তোগী বাক্তিরা  
দান করিয়া, উহার পুরুষার স্বরূপ পঁয়মেশ্বরের নিকট  
ধন-সম্পদ বা স্বর্গ লাভের প্রার্থনা করিয়া থাকে।  
কিন্তু যাহার ঐ সকল পদার্থের প্রতি লোভ নাই,  
তাহার কোন ফলাকাঞ্চার প্রয়োজন হয় না।  
মুক্তিকামী কর্ম্ম জনিত পাপ-পূণ্য, ধর্ম্ম-ধর্ম্ম কিছুই  
চাহেন না ; কারণ উভয়ই সংসার বন্ধনের হেতু।  
তবে পূণ্যে বা ধর্ম্মে ঐতিক সম্পদ বা স্বর্গ-স্থুল লাভ ;  
আর পাপে নরক যন্ত্রণা ভোগ, এইমাত্র প্রতেদ।

**মুক্তিকামীর প্রতি কয়েকটি ইঙ্গিত।**

১। মুক্তিকামী নিজের দেহ ও মন শুষ্ট ও  
সবল রাখিবার জন্য যথার্থক্রমে যতটুকু ভোগ  
আবশ্যক বোধ করিবে, তদভিত্তিক যাবতৌয় ভোগ  
স্পৃহা পরিত্যাগ করিবে। সে ধন, সম্পদ, পদ, যর্যাদা

খ্যাতি ইত্যাদিতে স্ফূর্তি হইবে এবং স্বজনগণের  
প্রতি অনুরাগ পরিত্যাগ করিবে। তাহার চরম  
আদর্শ হইবে, নিলিপি ভাবে সংসারে বাস ও  
সর্বাপেক্ষণ অল্প ভোগে জীবন ধাপন।

২। সে কাম, ক্রোধ, লোভ, হিংসা, ষেষ  
ইত্যাদি অনিষ্টকর মনোবৃত্তিগুলিকে সর্বদা সংযত  
রাখিবে এবং মিথ্যাভাষণ, মিথ্যাব্যবহার, ছল-প্রবক্ষনা  
পরনিদ্রা ইত্যাদি সম্পূর্ণরূপে পরিহার করিবে। সে  
এই দুরন্ত বৃত্তিগুলিকে কথনও তাহার মনের উপর  
প্রভাব বিস্তার করিতে দিবে না। যে স্থলে উহাদের  
প্রয়োগ উচিত বলিয়া মনে করিবে, কেবল সেই  
স্থলেই উহাদিগকে খুব পরিমিত মাত্রায় প্রয়োগ  
করিবে। মনিব যেমন তাহার ভূত্যকে চালনা করে,  
সেও উহাদিগকে ঠিক সেইরূপে পরিচালিত করিবে।  
ধার্মিক ব্যক্তিরা অবশ্য বিশেষে কাহারও প্রতি ক্রোধ  
বা হিংসা করিতে বাধ্য হইলেও, অস্তরে তাহার প্রতি  
দুর্বার্জিত ও ক্ষমাশীল। সাধারণ লোকেরা বল প্রয়োগে  
শক্রকে প্রহার করিতে অক্ষম হইলে, চিন্তা বা কল্পনা  
স্বারা তাহাকে মনের মত প্রহার করিয়া থাকে; আর  
ধার্মিক ব্যক্তিরা কদাপি কাহাকেও আঘাত করিতে

বাধ্য হইলে, তজ্জন্ম স্বীয় হৃদয়ে ঘথাৰ্থকৃপে কষ্টানুভব কৱিয়া থাকেন। ঘটনা-চক্ৰে পড়িয়া তাহাদিগকে বাহ্যতঃ কঠোৱ বা নিৰ্দিয় হইতে হইলেও, তাহারা চিন্তা দ্বাৰা কদাপি কাহারও কোনৰূপ অনিষ্ট কৱেন না।

সাধক শ্রেষ্ঠ রামকৃষ্ণ পরমহংসদেব মুক্তিকামী-দিগকে “কামিনী-কাঞ্চন” ত্যাগেং উপদেশ দিয়া গিয়াছেন। ধীৱ ভাবে বিচাৱ কৱিয়া দেখিলে, এই কামিনী ও কাঞ্চন ত্যাগেৰ মধ্যেই মুক্তিৰ উপযোগী যাবতীয় সংবয় নিহিত রহিয়াছে। কামিনী হইতে মনুষ্যেৰ সৰ্বপ্ৰধান রিপু কামেন্দ্ৰিয় ও ধন হইতে বিবিধ প্ৰকাৱ ভোগ বিলাস চৱিতাৰ্থ হয়। সংসাৱে একেৱল প্ৰতি অন্তেৱ শক্ততা, অত্যাচাৱ, অবিচাৱ, হিংসা, দ্বেষ,—এক কথায়, যাবতীয় তুঃগ ও অশান্তিৰ মূল এই কামিনী-কাঞ্চন। সুতৰাং যে ব্যক্তি কামিনী ও কাঞ্চনে স্পৃহা শৃঙ্খল হইতে পাৰিয়াছেন, তিনি দ্বিদয়েৰ যাবতীয় তৌন বৃত্তিই জয় কৱিতে সমৰ্থ হইয়াছেন।

৩। সে সত্যবাদিতা, সত্যব্যবহাৱ, পৱেপকাৱ, দান-দয়া-শুণাশীলতা, দৰিদ্ৰ নাৱায়ণেৰ সেবা, ঈশ্঵ৰ ভক্তি ইত্যাদি সৎবৃত্তি নিচয়েৰ অনুশীলনে সৰ্বদা নিযুক্ত

থাকিবে এবং প্রতিদিনই নিঃস্বার্থভাবে কায়-মন-বাক্য  
ধারা লোকের কিছু না কিছু উপকার করিবে।

যাহারা পূর্বজন্মের স্মৃতি অভাবে দরিদ্র হইয়া  
জন্ম গ্রহণ করিয়াছে, তাহাদের কাহাকে কাহাকেও  
বলিতে শুনা যায় যে, তাহাদের কোন সন্তুষ্টান  
করিবার ক্ষমতা নাই। ইহা সম্পূর্ণ ভূল ধারণ।  
ধনী-দরিদ্র তেদে সকল শ্রেণীর লোকই স্বীয় স্বীয়  
সামর্থ্যানুসারে দান, দয়া, জীবসেবা, পরোপকারিতা  
ইত্যাদি সৎকর্মাদির অনুষ্ঠান করিতে পারে। গরিব  
লোকেরা ধনবানদিগের ত্বায় ব্যয় সাধ্য দান কর্মাদি  
করিতে পারেন। বটে, কিন্তু তাহারা শারীরিক শ্রম-  
ধারা অন্যাসেই আর্তের দেবা, বিপন্নের উদ্ধার,  
বিদ্যা দান ইত্যাদি করিতে পারে। আরার, বেশী  
টাকা দান করিলেই বেশী পূণ্য হয়না। যে ব্যক্তি  
সমস্ত দিনের চেষ্টায় এক বেলারও উপযুক্ত আহার সং-  
গ্ৰহ করিতে অসমর্থ, সে তাহার ঐ পর্যাপ্ত খাদ্য হইতে  
এক মৃষ্টি অন্ন অপর কোন ক্ষুধার্ত ব্যক্তির মুখে তুলিয়া  
দিলে, তাহার যে ফল লাভ হয়, তাহা সন্তানের শক্ষ-  
টাকা দানের সমান। ফলতঃ নিঃস্বার্থ ভাবে এক  
পয়সা দান করিলে মুক্তির পথে অগ্রসর হওয়ার যেমন

সাহায্য হয়, রাজসিক ভাবে হাজার টাকা দান  
করিলেও তেমন হয়না।

৪। তাহার অতীত জীবন যতই পাপপূর্ণ হউক,  
যদি সে সেই সকল মন্দ কর্ম অন্তরের সহিত  
সম্পূর্ণরূপে পরিত্যাগ করিয়া, উহাদের জন্য কঙ্গাময়  
পরমেশ্বরের নিকট সকাতরে ক্ষমা ভিক্ষা করে ; তবে  
তিনি তাহাকে ক্ষমা করিতে কথনও কার্পণ্য করেন  
না। যাহারা প্রত্যহ ইচ্ছা পূর্বক পাপ করে, আর  
ক্ষমা চায়, তাহারা ভগু ; তাহারা কথনও তাহার  
ক্ষমা লাভ করিতে পারেন।

৫। সে ইচ্ছাশক্তি বলে উভয়রূপে স্বীয় শরীর  
ও মন গঠন করতঃ অনাসক্তভাবে তাহার কর্তব্য কর্ম  
সকল পূলন করিয়া যাইবে। সাধনা-সম্পর্কে কথনও:  
কোন সমস্তা উপস্থিত হইলে, সে তাহার হৃদয়  
দেবতার নিকট উজ্জ্বল আকূল প্রাণে জিজ্ঞাসু হইবে ;  
তিনিই দয়া করিয়া তাহা সমাধান করিয়া দিবেন।

যাহুম সাধনার অনুগ্রহই সিকি লাভ করিয়া  
থাকে। সে ইচ্ছাশক্তি দ্বারা যেমন তাহার শারী-  
রিক, মানসিক, বৈষম্যিক উন্নতি লাভ করিতে পারে,  
তেমনি আবার উহার সাহায্যে তোগ-লালসা পরিত্যাগ

পূর্বক নিষ্কাম কর্ষের সাধক হইয়া মুক্তি লাভও করিতে পারে। মুক্তিলাভ এক জীবনে হয়না; উহার অন্ত অন্ত অন্ত চেষ্টা বা সাধনা করিতে হয়। মুক্তিকামী তাহার লক্ষ্য স্থির রাখিয়া উক্ত প্রণালীতে যতখানি সাধনা করিতে পারিবেন, তিনি বর্তমান জীবনে তাহার অভীষ্ট সিদ্ধির পথে ততদূর অগ্রসর হইয়া থাকিতে সমর্থ হইবেন। আর যিনি পূর্ব অন্তের সাধনা স্বারা ইতিপূর্বেই অনেকদূর অগ্রসর হইয়াছেন, তিনি এই সাধনা সাহায্যে এই জীবনেই মুক্তিলাভে সমর্থ হইবেন। স্বাভাবিক নিয়মে সকল মনুষ্যেরই কোন না কোন দিন মুক্তি লাভ হইবে; যাহারা কোনরূপ চেষ্টা করেনা তাহাদেরও হইবে। কিন্তু তাহাতে বহু সময়ের প্রয়োজন,—তজ্জন্ম তাহাদিগকে বহু বার জন্ম-মৃত্যু গ্রহণ কুরুণাস্ত্র সংসারে যাতায়াত করিতে হইবে এবং উহার ফলে অপরিহার্যক্রমে নানাবিধ দুঃখ ও ভোগ করিতে হইবে। কারণ স্বাভাবিক নিয়মে ভোগের তৃপ্তি শীত্র হয়না। রাজা, মহারাজা হইতে চার; মহারাজা আবার সপ্তাট হইবার আকাঙ্ক্ষা করে। ক্লপ-রস-গুৰু-পূর্ণ ইত্যাদি যাবতীয় ভোগ্য বিষয়েই ভোগলোলুপ

ব্যক্তির আকাঙ্ক্ষা উচ্চ হইতে উচ্চতর, বৃহৎ হইতে বৃহদাকার ধারণ করে। এই জন্ত দার্শনিকেরা বলেন যে জন্ম হইতে মূল্যিকাল পর্যাপ্ত মাঝুষ সংসারে ইঙ্গ-গঞ্জে অবতীর্ণ হইয়া যে নাট্যাভিনয় করে, তাহার বর্তমান জীবন সেই স্বদীর্ঘ অভিনয়ের নিকট ক্ষুদ্র গর্ভাক্ষ মাত্র। বহু জীবন গর্ভাক্ষের অভিনয়-অবসানে সেই বিচিত্র নাট্যের ব্যবনিকা পতন হইয়া থাকে।

এই শক্তি চর্চার মূলে যাহার মনে কোন হীন স্বার্থ সিদ্ধির অভিপ্রায় লুকায়িত নাই, যাহার উদ্দেশ্য সৎ এবং যে সর্বদা নিজের ও জগতের হিত কামনার শক্তি প্রয়োগে রূত থাকিবে, ভগবানের ক্লপায় তাহার সাধনা নিশ্চয়ই সিদ্ধ হইবে।

সম্পূর্ণ।







